# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 27, 1432 Bangla, April 10, 2026, Friday, No. 97, 56th year

# H I G H L I G H T S

Information and Broadcasting Minister Zahir Uddin Swapon has said that initiatives are being taken to reform Digital Security Act & government is committed to ensuring security for all. [Jago FM: 17]

According to DGHS, since March 15, 21 people have died of measles & 138 people have died of suspected measles. During this time, 11,133 suspected & 1,599 confirmed measles cases have been recorded. [BBC: 03]

The International Crimes Tribunal has sentenced two policemen to death in a crimes against humanity case over the killing of Abu Sayed during July Uprising in 2024. [BBC: 07]

Parliament has passed Jatiya Muktijoddha Council (Amendment) Bill, 2026, retaining the names of parties, including Jamaat-e-Islami, as collaborators of Pakistani forces during 1971 Liberation War. [BBC: 03]

Malaysia has agreed to work with Bangladesh to reduce the cost of migrant workers & also agreed to quickly reopen labor market for Bangladeshi workers. [BBC: 03]

Terrorism (Amendment) Bill 2026 has passed in Parliament, legally reinforcing the ban on activities of Awami League. Awami League considers this initiative a direct attack on fundamental rights of people. [DW: 13]

Transportation of import & export goods at Benapole port is being disrupted due to nationwide fuel oil crisis. Traders fear, cost of transporting goods in country may also increase, leading to increase price of goods. [Jago FM: 16]

UN Secretary-General Antonio Guterres strongly condemned the deadly Israeli attacks across Lebanon on April 8 and called on all parties to immediately cease hostilities. [BBC: 09]

Israeli Prime Minister Benjamin Netanyahu has announced that attacks on Hezbollah will continue despite a ceasefire agreement between the United States and Israel. [BBC: 09]

Iran has said that more than three thousand people have been killed in Israeli and US attacks in Iran since the war started on February 28. [BBC: 10]

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ২৭, বাংলা ১৪৩২, এপ্রিল ১০, ২০২৬, শুক্রবার, নং- ৯৭, ৫৬তম বছর**

# শিরোনাম

তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, ডিজিটাল সিকিউরিটি অ্যাক্ট পুনর্মূল্যায়নের উদ্যোগ নেওয়া হচ্ছে এবং সরকার সবার জন্য নিরাপত্তা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। [জাগো এফএম: ১৭]

স্বাস্থ্য অধিদপ্তর জানায়, ১৫ মার্চ থেকে এই পর্যন্ত হামে মারা গেছে ২১ জন এবং হাম সন্দেহে মারা গেছে ১৩৮ জন। এসময় ১৫৯৯ জন হামে আক্রান্ত হয়েছে এবং সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ১১ হাজার ১৩৩ জন। [বিবিসি: ০৩]

২০২৪ সালের জুলাই অভ্যুত্থানের সময় নিহত শিক্ষার্থী আবু সাঈদ হত্যার ঘটনায় দুই পুলিশ সদস্যকে মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত। [বিবিসি: ০৭]

১৯৭১ সালে পাকিস্তান হানাদার বাহিনীর সহযোগী হিসেবে তৎকালীন মুসলিম লীগ, জামায়াতে ইসলামী ও নেজামে ইসলাম পার্টির নাম বহাল রেখে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল অধ্যাদেশ বিল পাস করেছে জাতীয় সংসদ। [বিবিসি: ০৩]

অভিবাসী শ্রমিকদের মালয়েশিয়া যাওয়ার ব্যয় কমাতে বাংলাদেশের সাথে কাজ করতে সম্মত হয়েছে মালয়েশিয়া। বাংলাদেশি কর্মীদের জন্য শ্রমবাজার পুনরায় দ্রুত খুলে দেওয়ার বিষয়েও একমত হয়েছে দুই দেশ। [বিবিসি: ০৩]

সন্ত্রাসবিরোধী আইনের সংশোধনী বিল পাস করে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধের অধ্যাদেশকে আইনে রূপান্তর করা হয়েছে। এ উদ্যোগকে জনগণের মৌলিক অধিকারের উপর সরাসরি আঘাত মনে করছে আওয়ামী লীগ। [ডয়চে ভেলে: ১৩]

দেশব্যাপী জ্বালানি তেল সংকটে বেনাপোল স্থলবন্দরে আমদানি-রপ্তানির পণ্য পরিবহন ব্যাহত হচ্ছে। দেশের অভ্যন্তরের পণ্য পরিবহনে খরচ বেড়ে যাওয়ায় জিনিসপত্রের দামও বেড়ে যেতে পারে- আশঙ্কা ব্যবসায়ীদের। [জাগো এফএম: ১৬]

জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস গত ৮ এপ্রিল লেবানন জুড়ে ইসরায়েলের ভয়াবহ হামলার তীব্র নিন্দা জানিয়েছেন এবং সব পক্ষকে অবিলম্বে শত্রুতা বন্ধ করার আহ্বান জানিয়েছেন। [বিবিসি: ০৯]

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের মধ্যে যুদ্ধবিরতি চুক্তি হলেও, হিজবুল্লাহর ওপর হামলা অব্যাহত রাখার ঘোষণা দিয়েছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। [বিবিসি: ০৯]

ইরান জানিয়েছেন, গত ২৮ ফেব্রুয়ারি যুদ্ধ শুরু হওয়ার পর থেকে ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের হামলায় ইরানে তিন হাজারের বেশি মানুষ নিহত হয়েছেন। [বিবিসি: ১০]

# বিবিসি

## ফের খুলছে মালয়েশিয়ার শ্রমবাজার, কমছে অভিবাসন খরচ

বাংলাদেশের অভিবাসী শ্রমিকদের অন্যতম বড়ো গন্তব্য মালয়েশিয়ায় যাওয়ার ব্যয় কমিয়ে আনতে বাংলাদেশ সরকারের সাথে একসাথে কাজ করতে সম্মত হয়েছে মালয়েশিয়ার সরকার। একইসঙ্গে বাংলাদেশি কর্মীদের জন্য শ্রমবাজার পুনরায় দ্রুত খুলে দেওয়ার বিষয়েও একমত হয়েছে দুই দেশ। বৃহস্পতিবার মালয়েশিয়ার পুত্রজায়াতে দেশটির প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে বাংলাদেশের শ্রম ও কর্মসংস্থান এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মন্ত্রী আরিফুল হক চৌধুরী এবং প্রধানমন্ত্রী তারেক রহমানের উপদেষ্টা মাহদী আমিনের সাক্ষাতের পর এক যৌথ বিবৃতিতে এ কথা জানানো হয়েছে। বিবৃতিতে জানানো হয়, শ্রমিকদের ন্যায্য, নৈতিক ও স্বচ্ছ নিয়োগপ্রক্রিয়া নিশ্চিত করার অঙ্গীকার পুনর্ব্যক্ত করে দুই দেশ। কাঠামোগত সমস্যার সমাধান করে মধ্যস্বত্বভোগীর সংখ্যা ও অভিবাসন ব্যয় কমানো, বিশ্বস্ত ও যোগ্য নিয়োগ এজেন্সি ব্যবহার এবং আটকে থাকা অবশিষ্ট কর্মীদের দ্রুত নিয়োগে সহায়ক ব্যবস্থা গ্রহণের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। মালয়েশিয়া থেকে মাহদী আমিন বিবিসি বাংলাকে জানান, বাংলাদেশি জনশক্তি রপ্তানির ক্ষেত্রে অভিবাসন ব্যয় কমিয়ে আনার বিষয়েই বাংলাদেশ সর্বোচ্চ গুরুত্ব দিয়েছে।
এদিকে, পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, সভার শুরুতে আনোয়ার ইব্রাহিম বাংলাদেশের প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায়, তারেক রহমানকে আন্তরিক অভিনন্দন জানান। একইসঙ্গে প্রধানমন্ত্রী তারেক রহমানকে অত্যন্ত সুবিধাজনক সময়ে মালয়েশিয়া সফরের আমন্ত্রণ জানিয়েছেন। মাহদী আমিন বাংলাদেশ প্রধানমন্ত্রীর পক্ষ থেকে আনোয়ার ইব্রাহিমকে শুভেচ্ছা পৌঁছে দেন এবং তার পক্ষ থেকে একটি চিঠি হস্তান্তর করেন। এছাড়া, উভয়পক্ষ শ্রম সম্পর্ক নিয়ে বিস্তর আলোচনা করেছে এবং শ্রমিকদের শোষণ রোধে একটি স্বচ্ছ, পরিচ্ছন্ন ও কার্যকর নিয়োগ ব্যবস্থা নিশ্চিত করার বিষয়ে তাদের যৌথ অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছে। বৈঠকে দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির উপায় নিয়েও আলোচনা করা হয়। উভয়পক্ষই পারস্পরিক স্বার্থে অর্থনৈতিক সম্পৃক্ততা সম্প্রসারণে আগ্রহ প্রকাশ করে। এছাড়াও, জনগণের মধ্যে সম্পর্ক আরও গভীর করার লক্ষ্যে শিক্ষক বিনিময় এবং প্রাতিষ্ঠানিক সহযোগিতাসহ শিক্ষা খাতে সহযোগিতার সুযোগ নিয়েও আলোচনা করা হয়। উভয়পক্ষ দ্বিপাক্ষিক সম্পর্কের ইতিবাচক অগ্রযাত্রায় সন্তোষ প্রকাশ করেছে এবং বিভিন্ন খাতে সহযোগিতা আরও জোরদার করার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ এলিনা)

## তৃতীয়বারের মতো সংসদ অধিবেশন থেকে ওয়াকআউট করলো বিরোধী দল

ত্রয়োদশ জাতীয় সংসদ অধিবেশন থেকে তৃতীয়বারের মতো ওয়াকআউট করেছে বিরোধী দল জামায়াতে ইসলামী। বিরোধী দলীয় নেতা শফিকুর রহমান এই ঘোষণা দেন বিকেলে। বিকেলে `স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) বিল, ২০২৬, উত্থাপন করা হয়। কণ্ঠভোটে এটি পাস হয়। এই বিলের প্রতিক্রিয়ায় ওয়াক আউটের ঘোষণা দেন মি. রহমান। এর আগে, এই সংসদ অধিবেশন শুরুর প্রথম দিনে ১২ মার্চ প্রথমবারের মতো এবং পহেলা এপ্রিল দ্বিতীয়বারের মতো ওয়াকআউট করেছিল বিরোধী দল।(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ রনি)

## জামায়াতকে পাকিস্তানি বাহিনীর সহযোগী রেখেই জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল অধ্যাদেশ বিল পাস

একাত্তরে পাকিস্তান হানাদার বাহিনীর সহযোগী হিসেবে তৎকালীন মুসলিম লীগ, জামায়াতে ইসলামী ও নেজামে ইসলাম পার্টির নাম বহাল রেখে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল অধ্যাদেশকে আইনে রূপ দিতে বিল পাস করেছে জাতীয় সংসদ। এতে জামায়াতের পক্ষ থেকে আপত্তি জানান দলটির আমির ও বিরোধী দলীয় নেতা শফিকুর রহমান। তবে তাদের জোটসঙ্গী জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) এই বিলের ওপর অনাপত্তি জানিয়ে স্পিকারকে লিখিতভাবে জানিয়েছে। বৃহস্পতিবার ত্রয়োদশ জাতীয় সংসদের বৈঠকে বিলটি উত্থাপন করেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আহমেদ আযম খান। পলে বিলটি কণ্ঠভোটে পাস হয়।(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ রনি)

## শেরপুর-৩ আসনে সংসদ নির্বাচনের ভোট বর্জনের ঘোষণা জামায়াত প্রার্থীর

ভোট কারচুপিসহ নানা অনিয়মের অভিযোগ এনে শেরপুর-৩ আসনের স্থগিত জাতীয় সংসদ নির্বাচনের ভোট বর্জনের ঘোষণা দিয়েছেন জামায়াতে ইসলামীর প্রার্থী মাসুদুর রহমান। বৃহস্পতিবার দুপুরে এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা করেন তিনি। সংবাদ সম্মেলনে তিনি বিভিন্ন ভোটকেন্দ্র থেকে তার এজেন্টদের বের করে দেওয়ার অভিযোগ করেছেন। একইসাথে প্রভাব বিস্তার করে জোর করে সিল মারা এবং এই অনিয়মের প্রতিবাদ করলে তার এজেন্টদের মারধরের অভিযোগও করেছেন জামায়াতে ইসলামীর এই প্রার্থী।(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ এলিনা)

## হাম আক্রান্ত রোগী বাড়ছেই, শিশু হাসপাতালে 'শুধু তাদেরই ভর্তি যাদের জটিলতা বেশি'

"জ্বরের পর ছেলের গায়ে র‍্যাশ উঠলে প্রথমে ডাক্তাররা কইলো অ্যালার্জি। প্রথম গেছিলাম সদর হাসপাতালে, পরে ঢাকায় আনলাম। আজকে দশটা দিন ওরে নিয়ে হাসপাতালে হাসপাতালে দৌড়াইতেছি।„ ঢাকায় বাংলাদেশ শিশু

হাসপাতালের বিশেষায়িত হাম ওয়ার্ডে ভর্তি হওয়া ছেলের পাশে বসে বিবিসি বাংলাকে কথাগুলো বলছিলেন ভোলার তামান্না আক্তার। গত মাসের শেষের দিকে গ্রামের বাড়ি ভোলায় থাকা অবস্থায় হামে আক্রান্ত হয় তার সাড়ে এগারো মাস বয়সি ছেলে। উপসর্গ নিয়ে প্রথমে ভর্তি করা হয়েছিল ভোলার সদর হাসপাতালে। সেখানে শিশুটির পরিস্থিতি খারাপ হলে নিয়ে আসনে ঢাকার শ্যামলীর বাংলাদেশ শিশু হাসপাতালে। বুধবার শিশু হাসপাতালের বিশেষায়িত হাম ইউনিটে গিয়ে দেখা যায়, সেখানে হাম আক্রান্ত হয়ে ভর্তি আছে অনেক শিশু। আবার অনেকেই আক্রান্ত অবস্থায় শিশুদের হাসপাতালে ভর্তির জন্য আনলেও, ওয়ার্ডে সিট না থাকায় ফেরত যেতে হচ্ছে। সেখানে বিশেষায়িত ওয়ার্ডে একদিকে সিটের সংখ্যা যেমন কম, অন্যদিকে আইসিইউতেও সিট সংখ্যা কম। যে কারণে, শুধু যাদের লাইফ সাপোর্ট প্রয়োজন, তাদেরকেই আইসিইউতে নেওয়া হচ্ছে বলে জানিয়েছে হাসপাতাল কর্তৃপক্ষ। হাসপাতালের চিকিৎসকরা বলছেন, গত মাসের মাঝামাঝি থেকে ঢাকাসহ দেশের বিভিন্ন জায়গায় হাম আক্রান্ত রোগীর সংখ্যা বাড়তে শুরু করে। এই রোগীদের চিকিৎসা সেবা দিতে গিয়ে হিমশিম খেতে হচ্ছে হাসপাতালটির। গত দুই সপ্তাহে এই হাসপাতালে হাম আক্রান্ত হয়ে অন্তত ছয়জন শিশুর মৃত্যু হয়েছে বলেও জানিয়েছেন দায়িত্বপ্রাপ্ত চিকিৎসকরা।

সম্প্রতি, বাংলাদেশে হামের প্রাদুর্ভাব বৃদ্ধি ও আক্রান্তে মৃত্যুর সংখ্যা বাড়ছে। হামের প্রাদুর্ভাব বাড়ার পর তা মোকাবিলায় সরকারের ভূমিকা নিয়েও প্রশ্ন উঠছে। বুধবার এ নিয়ে জাতীয় সংসদে প্রশ্নও তুলেছেন স্বতন্ত্র সংসদ সদস্য রুমিন ফারহানা। স্বাস্থ্য অধিদপ্তর বুধবার তাদের নিয়মিত বিজ্ঞপ্তিতে জানায়, ১৫ মার্চ থেকে এই পর্যন্ত নিশ্চিতভাবে হামে মারা গেছে ২১ জন। ওই সময় থেকে হাম সন্দেহে মারা গেছে ১৩৮ জন। এছাড়া, ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ১১ হাজার ১৩৩ জন এবং ১৫৯৯ জনের হামে আক্রান্ত হওয়া সম্পর্কে নিশ্চিত হওয়া গেছে বলেও তারা জানিয়েছে।

**হাম ওয়ার্ডের বর্তমান অবস্থা কী?**

ঢাকার শের-ই-বাংলা নগরে অবস্থিত বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউটের ডেঙ্গু ওয়ার্ডের ঠিক পাশেই বিশেষায়িত হাম ওয়ার্ড। গত মাসে হামের প্রাদুর্ভাব বৃদ্ধির পর হাসপাতালটিতে এই বিশেষ ওয়ার্ড চালু করা হয়। বুধবার বিশেষায়িত এই ওয়ার্ডে গিয়ে দেখা যায়, সেখানকার প্রতিটি বেডই রোগীতে পূর্ণ। কোনো কোনো শিশুর হাতে ক্যানুলা, কারও চলছে অক্সিজেন। পাশে ছোটো সন্তানের জন্য প্রার্থনারত ছিলেন কোনো কোনো অভিভাবক। ভোলা থেকে সাড়ে এগারো মাসের শিশুকে নিয়ে চারদিন বিশেষায়িত এই হাম ওয়ার্ডে থাকা তামান্না আক্তার বলছিলেন, তার ছেলে দশদিন ধরে হামে আক্রান্ত। গত চারদিন এই হাসপাতালে থাকার পর পরিস্থিতি কিছুটা উন্নতির দিকে। ঠিক তার পাশের বেডে প্রায় একই বয়সের একটি বাচ্চাকে বুকে জড়িয়ে ধরে চোখ মুছতে দেখা যায় আরেকজন নারীকে। সাত মাস বয়সি বোনের ছেলেকে নিয়ে হাসপাতালের বিছানায় বসা ছিলেন শীতল নামের একজন নারী। তিনি জানান, গত কয়েকদিন আগে চট্টগ্রাম থেকে বোন ঢাকায় তাদের বাড়িতে বেড়াতে এসেছিলেন। গত সপ্তাহে শিশুটি জ্বরে আক্রান্ত হওয়ার পরই পুরো শরীরে লাল র‍্যাশ দেখা যায়। পরে ঢাকার একটি ক্লিনিকে একজন চিকিৎসককে দেখালে ওই চিকিৎসক অ্যালার্জি ভেবে সে অনুযায়ী ঔষধ দেন। কিন্তু পরিস্থিতির আরো অবনতি হলে গত তিনদিন আগে শিশুটিকে এই ওয়ার্ডে ভর্তি করা হয়। মিজ শীতল বলেন, "প্রথমে আমরা ভাবছিলাম এলার্জির কারণে গায়ে লাল দাগ। তারপর টেস্ট করতে দেয় ডাক্তার, ঔষধও দেয় কিন্তু আস্তে আস্তে র‍্যাশ বাড়তে থাকে। তিনদিন ধরে এখানে ভর্তি আছি, অবস্থার খুব বেশি উন্নতি হয়নি।„ হাসপাতালে চিকিৎসা নিয়ে যে-সব শিশুর পরিস্থিতি কিছুটা উন্নতির দিকে, তাদের দ্রুতই হাসপাতাল থেকে ছাড়পত্র দেওয়া হচ্ছে বলে জানাচ্ছিলেন অভিভাবকদের কেউ কেউ।

**'পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করছি'**

বিশেষ করে, জ্বর ও র‍্যাশের সাথে যে-সব শিশুদের পানিশূন্যতা বা শ্বাসকষ্ট দেখা গেছে, তাদের মধ্যে কোনো কোনো শিশুকে ওয়ার্ডেই অক্সিজেন মাস্ক দিয়ে চিকিৎসা দিতে দেখা গেছে। আবার যে-সব শিশুদের পানিশূন্যতা দেখা দিয়েছে, তাদেরকে স্যালাইন দিতেও দেখা যায়। হাম আক্রান্ত রোগীদের এই বিশেষ ওয়ার্ডে কিছুক্ষণ পরপর ডাক্তার ও নার্সদের তৎপরতা চোখে পড়ছিল। এখানে ভর্তি রোগীদের বেশ কয়েকজনের সাথে কথা বলে জানা যায়, হাম ও হাম সন্দেহে ভর্তি হওয়া শিশুদের অনেকেই কমপক্ষে এক সপ্তাহ ধরে অসুস্থ। জ্বর, সর্দি, ডায়েরিয়ার পরই অনেকের যাদের শরীরের লাল র‍্যাশ দেখা দিয়েছে, তাদের অনেকেই এই ওয়ার্ডে চিকিৎসা নিচ্ছিল। তবে, সেখানে কর্তব্যরত চিকিৎসকরা বলছিলেন, যারা এই হাসপাতালে ভর্তি, তাদের অনেকেই উপসর্গ নিয়ে ভর্তি হয়েছে। যে কারণে এর মধ্যে সবাই যে হাম আক্রান্ত, সেটি নিশ্চিত করে বলার সুযোগ নেই। দুপুর সোয়া ১২টার দিকে বিশেষায়িত ওয়ার্ডে ভর্তিকৃত রোগীদের দেখতে আসেন বিশেষজ্ঞ শিশু চিকিৎসক অধ্যাপক বেলায়েত হোসেন। তিনি জানান, গত কয়েকদিনে রোগীর সংখ্যা বাড়ছেই। যে সংখ্যক রোগী আসছে, তাদের সবাইকে চিকিৎসা দেওয়া সম্ভব হচ্ছে না। অধ্যাপক হোসেন বিবিসি বাংলাকে বলেন, "প্রতিদিন প্রচুর-সংখ্যক রোগী আসছে। বিশেষায়িত ওয়ার্ডের প্রতিটি বিছানা ফিল-আপ, সবাই মিলে পরিশ্রম করে পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করছি।„ হাসপাতাল কর্তৃপক্ষ বলছে, যে-সব শিশুরা শুধু হামের উপসর্গ নিয়ে আসছে, শ্বাসকষ্ট বা অন্য কোনো জটিলতা নেই, তাদের ভর্তি করা হচ্ছে না হাসপাতালে। হাসপাতালের

পরিচালক অধ্যাপক মাহবুবুল হক বিবিসি বাংলাকে বলেন, "এখনো পর্যন্ত হামের প্রকোপ বেশি আছে। প্রতিদিন যে-সব রোগী আসছে, সবাইকে আমরা ভর্তি করতে পারি না। অনেককে ফেরত দিতে হয়। যাদের জটিলতা বেশি, শুধুমাত্র তাদেরই ভর্তি করা হচ্ছে।„ যে কারণে কোনো শিশু হাম আক্রান্ত বা উপসর্গ দেখা দিলে চিকিৎসকের পরামর্শে জ্বরের জন্য জ্বরের সিরাপ, সর্দির জন্য সর্দির ঔষধ, শরীরের র‍্যাশ উঠলে ভিটামিন `এ, ক্যাপসুল এবং পর্যাপ্ত পরিমাণ তরল খাবার খাওয়ানোর পরামর্শ দিয়েছেন এই চিকিৎসক।

**মূল সংকট আইসিইউ বেড**

গত মাসের মাঝামাঝি সময়ে হাম ও হাম সন্দেহে রোগীর সংখ্যা বাড়তে থাকে ঢাকাসহ দেশের বিভিন্ন জায়গায়। এরপরই ঢাকার শিশু হাসপাতালে বিশেষায়িত হাম ওয়ার্ড চালু করা হয়। হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, বিশেষায়িত হাম ইউনিট চালুর পর এই ওয়ার্ডে মোট ৭০টি বেডের ব্যবস্থা করা গেছে এখন পর্যন্ত। যে কারণে ধারণক্ষমতার বাইরে রোগী ভর্তি করাতে পারছেন হাসপাতাল কর্তৃপক্ষ। বুধবার হাসপাতালটিতে গিয়ে দেখা গেছে, ঢাকা ও ঢাকার বাইরের বিভিন্ন জায়গা থেকে অনেকেই হাম ও হাম সন্দেহে শিশুদের ভর্তির জন্য নিয়ে এসেছিলেন, কিন্তু সিট না পেয়ে অনেককে ফিরে যেতে হয়েছে। হাসপাতালের পরিচালক অধ্যাপক মাহবুবুল হক বিবিসি বাংলাকে বলেন, "পর্যাপ্ত বেড নেই, প্রতিদিন অনেক রোগীকে ফেরত দিতে হচ্ছে। শুধুমাত্র সিরিয়াস রোগী যারা, তাদেরকেই ভর্তি করানো হচ্ছে।„ এই হাসপাতালে হাম আক্রান্ত বা সন্দেহে গত দুই সপ্তাহে অন্তত ছয়জনের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে হাসপাতাল কর্তৃপক্ষ। বিশেষায়িত ওয়ার্ডের এক পাশেই চালু করা হয়েছে আইসিইউ ইউনিট। হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, এই আইসিইউতে রয়েছে ১৪টি সিট। বুধবার সেখানে গিয়ে দেখা যায়, এই আইসিইউ বেডের সবগুলোতেই এখন রোগী ভর্তি। হাসপাতাল পরিচালকের কাছে প্রশ্ন করা হয়, যদি ওয়ার্ডে ভর্তি কোনো শিশুর পরিস্থিতি আরো খারাপ হয়, তখন পরিস্থিতি সামাল দেবেন কীভাবে? জবাবে অধ্যাপক হক বিবিসি বাংলাকে বলেন, "ভর্তি রোগীদের মধ্যে যাদের অবস্থা খারাপের দিকে যাচ্ছে, তাদের অক্সিজেন সাপোর্ট দিচ্ছি, বাবল সিপ্যাপ (একটি অক্সিজেন সরবরাহ ব্যবস্থা) দিচ্ছি। যাদের অবস্থা বেশি খারাপ, লাইফ সাপোর্ট দরকার, শুধু তাদের আইসিইউ সাপোর্ট দেওয়া হচ্ছে।„

(বিবিসি ওয়েব পেজ : ০৯.০৪.২০২৬ আলী আহমেদ)

## সংসদে যে অধ্যাদেশগুলো বাতিল বা কার্যকারিতা হারাচ্ছে তাতে কী আছে?

অন্তর্বর্তী সরকারের আমলে গত দেড় বছরে মোট ১৩৩টি অধ্যাদেশ জারি করা হয়েছিল। সেগুলোর মধ্যে ৯৮টি অধ্যাদেশ আইনে পরিণত করতে জাতীয় সংসদে বিল আকারে উপস্থাপনের সুপারিশ করা হয়েছে। বাকি ১৫টি অধ্যাদেশ সংশোধন করে বিল আকারে উপস্থাপন করা হচ্ছে। আর বাকি ২০টি অধ্যাদেশের মধ্যে চারটি বাতিল বা রহিত, আর ১৬টি এখনই সংসদে পাসের জন্য বিল আকারে উপস্থাপন করা হচ্ছে না। ওই অধ্যাদেশগুলো আগামী ১০ এপ্রিলের মধ্যে জাতীয় সংশোধনে পাস করার বাধ্যবাধকতা ছিল। নিয়ম অনুযায়ী, এই সময়ের মধ্যে পাস না হলে সেগুলোর আর কার্যকারিতা থাকবে না। অন্তর্বর্তী সরকারের সময়ে জারি করা যে ১৬টি অধ্যাদেশ আইন আকারে পাস না হওয়ায় কার্যকারিতা হারাচ্ছে, তার মধ্যে জাতীয় মানবাধিকার কমিশন অধ্যাদেশ, দুর্নীতি দমন কমিশন (দুদক) এবং গুম প্রতিরোধ, গণভোটসহ বেশ কিছু গুরুত্বপূর্ণ অধ্যাদেশ রয়েছে। অন্যদিকে যে চারটি অধ্যাদেশ বাতিল বা রহিত করার সুপারিশ করেছে সরকার, সেখানে বিচার বিভাগের স্বাধীনতার সঙ্গে সংশ্লিষ্ট সুপ্রিম কোর্টের বিচারক নিয়োগ ও পৃথক সচিবালয় গঠনের বিষয়গুলো রয়েছে। গুরুত্বপূর্ণ এসব অধ্যাদেশগুলো এখনই পাস না করা বা রহিত করা নিয়ে রাজনৈতিক অঙ্গনসহ বিভিন্ন মহলে আলোচনা-সমালোচনা চলছে। এই আইনগুলো নিয়ে ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম দিনই বিএনপি নেতা জয়নুল আবেদীনকে সভাপতি সংসদে একটি কমিটিও গঠন করা হয়। যে-সব অধ্যাদেশ বাতিল বা রহিত করা হয়েছে, সেগুলোতে কী আছে, সেটি বিবিসি বাংলার পাঠকদের সামনে তুলে ধরা হলো।

**বাতিল হওয়া চারটি অধ্যাদেশে কী আছে?**

**জাতীয় সংসদ সচিবালয় অধ্যাদেশ :** বিশেষ কমিটি যে চারটি অধ্যাদেশ রহিত করার সুপারিশ করেছে, তার মধ্যে রয়েছে জাতীয় সংসদ সচিবালয় (অন্তর্বর্তীকালীন বিশেষ বিধান) অধ্যাদেশ। অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে ২০২৪ সালের নভেম্বর এই অধ্যাদেশ গেজেট আকারে প্রকাশ করা হয়। শেখ হাসিনা সরকার পতনের পর মূলত ত্রয়োদশ জাতীয় সংসদের স্পিকারের অবর্তমানে তার দায়িত্ব আইন উপদেষ্টাকে প্রদানে এই অধ্যাদেশটি জারি করা হয়েছিল। বিশেষ কমিটি তাদের রিপোর্টে বলেছে, নতুন করে এই অধ্যাদেশের কার্যকারিতা না থাকায়, এই অধ্যাদেশটি রহিত বা বাতিলের সুপারিশ করা হয়।

**সুপ্রিম কোর্টের বিচারক নিয়োগ অধ্যাদেশ :** ২০২৫ সালে অধ্যাপক মুহাম্মদ ইউনূসের সরকার প্রথমবারের মতো সুপ্রিম কোর্টের বিচারক নিয়োগ অধ্যাদেশ করে। এই অধ্যাদেশ অনুযায়ী, সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগে বিচারক নিয়োগের জন্য উপযুক্ত ব্যক্তি বাছাই করবে 'সুপ্রিম জুডিসিয়াল অ্যাপয়েন্টমেন্ট কাউন্সিল'। প্রধান বিচারপতির নেতৃত্বে স্বতন্ত্র এই কাউন্সিল যোগ্য ব্যক্তির নাম রাষ্ট্রপতি বরাবর সুপারিশ করবে। মূলত, সুপ্রিম কোর্টের বিচারক

নিয়োগের লক্ষ্যে উপযুক্ত ব্যক্তি বাছাইপূর্বক প্রধান বিচারপতি কর্তৃক রাষ্ট্রপতিকে পরামর্শ প্রদানের উদ্দেশ্যে এই অধ্যাদেশ জারি করা হয়েছিল।

**সুপ্রিম কোর্টের সচিবালয় অধ্যাদেশ :** এই অধ্যাদেশ অনুযায়ী, বিচারকাজে নিয়োজিত বিচারকদের পদায়ন, পদোন্নতি, বদলি, শৃঙ্খলা ও ছুটি বিষয়ক সব সিদ্ধান্ত ও অন্যান্য আনুষঙ্গিক বিষয় এই সচিবালয়ের হাতে থাকবে। সুপ্রিম কোর্ট সচিবালয়ের সার্বিক নিয়ন্ত্রণ প্রধান বিচারপতির ওপর ন্যস্ত থাকবে এবং সচিবালয়ের সচিব প্রশাসনিক প্রধান হবেন। বিচার বিভাগের স্বাধীনতা কার্যকরভাবে বাস্তবায়নে এই অধ্যাদেশ জারি করা হয়েছিল।

**সুপ্রিম কোর্ট সচিবালয় (সংশোধন) অধ্যাদেশ :** বিচার বিভাগের প্রশাসনিক ও আর্থিক স্বাধীনতা নিশ্চিত করতে সুপ্রিম কোর্ট সচিবালয় প্রতিষ্ঠা করা হয়েছে। নিম্ন আদালতের বিচারকদের নিয়ন্ত্রণ এবং বাজেট ব্যবস্থাপনার দায়িত্ব প্রধান বিচারপতির নিয়ন্ত্রণে সুপ্রিম কোর্ট সচিবালয়ের ওপর ন্যস্ত করার লক্ষ্যে এই অধ্যাদেশ প্রণয়ন ও জারি করা হয়েছে।

**যে ১৬টি কার্যকারিতা হারাচ্ছে**

**মানবাধিকার কমিশন (সংশোধন) অধ্যাদেশ :** কমিশনের সভাপতির অবর্তমানে সভায় উপস্থিত সদস্যদের সম্মতিতে সভাপতি নির্বাচন করা এবং বাছাই কমিটির কোনো সদস্য পদে শূন্যতা বা অনুপস্থিতি কিংবা অন্য কোনো কারণে কাজ করতে অক্ষম থাকলে কার্যক্রম তবুও বহাল থাকবে এবং এ নিয়ে কোনো প্রশ্ন উত্থাপন করা যাবে না, এ লক্ষ্যেই এই অধ্যাদেশ প্রণয়ন ও জারি করা হয়েছিল।

**রাজস্ব নীতি ও রাজস্ব ব্যবস্থাপনা অধ্যাদেশ :** অন্তর্বর্তীকালীন সরকারের সময় বিদ্যমান কাঠামো পুনর্গঠন করে রাজস্ব নীতি প্রণয়ন ও রাজস্ব আহরণ কার্যক্রম পৃথক করা হয়েছিল এই অধ্যাদেশের মাধ্যমে। অর্থ মন্ত্রণালয়ের অধীনে 'রাজস্ব নীতি বিভাগ' ও 'রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ' নামে দুটি পৃথক বিভাগ গঠনের ব্যবস্থা রাখা হয়েছে এই অধ্যাদেশ অনুযায়ী।

**রাজস্ব নীতি ও রাজস্ব ব্যবস্থাপনা (সংশোধন) অধ্যাদেশ :** সংশোধিত এই অধ্যাদেশের মাধ্যমে রাজস্ব নীতি প্রণয়নের পাশাপাশি করনীতি প্রণয়ন, আইন সংশোধন, আন্তর্জাতিক চুক্তি, প্রকল্প ও গবেষণা কার্যক্রম পরিচালনা করবে। রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ কর ও শুল্ক আইন বাস্তবায়ন, মাঠ পর্যায়ের প্রশাসন, মানবসম্পদ ব্যবস্থাপনা এবং রাজস্ব আহরণ কার্যক্রম পরিচালনার কথা বলা হয়েছিল।

**মূল্য সংযোজন কর সম্পূরক শুল্ক (দ্বিতীয় সংশোধন) অধ্যাদেশ :** মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক-সংক্রান্ত বিধান সংশোধন করার লক্ষ্যে এই অধ্যাদেশ প্রণয়ন ও জারি করা হয়েছে।

**কাস্টমস (সংশোধন) অধ্যাদেশ :** কাস্টমস আইন ২০২৩-এ বিভিন্ন স্থানে রাজস্ব নীতি বিভাগ ও রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ অন্তর্ভুক্তির জন্য এই অধ্যাদেশ জারি করা হয়েছিল অন্তর্বর্তীকালীন সরকারের সময়।

**আয়কর (সংশোধন) অধ্যাদেশ :** আয়কর আইন, ২০২৩-এ বিভিন্ন স্থানে রাজস্ব নীতি বিভাগ ও রাজস্ব ব্যবস্থাপনা বিভাগ অন্তর্ভুক্তির জন্য এ অধ্যাদেশ জারি করা হয়েছিল।

**জাতীয় মানবাধিকার কমিশন অধ্যাদেশ :** ২০২৫ সালের নভেম্বরে মানবাধিকার কমিশন আইন, ২০০৯ (২০০৯ সালের ৫৩ নং আইন) রহিত করে মানবাধিকার সংরক্ষণ, উন্নয়ন ও নিশ্চিতে জারি করা হয়েছিল এই অধ্যাদেশটি।

**গণভোট অধ্যাদেশ :** জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ কার্যকরে গণভোটে অধ্যাদেশ জারি করা হয়েছিল ২০২৫ সালে। সংবিধানের সকল সংশোধনীর বিধানের গণভোটের মাধ্যমে অনুমোদন গ্রহণের বিষয়ে বিধান প্রণয়নের লক্ষ্যে গণভোটের বিধান প্রবর্তনে এই অধ্যাদেশ জারি করা হয়েছিল।

**গুম প্রতিরোধ ও প্রতিকার অধ্যাদেশ :** গুম থেকে সব ব্যক্তিকে সুরক্ষা দেওয়ার জন্য বাংলাদেশের আইনি কাঠামোতে অন্তর্ভুক্ত করার জন্য এ অধ্যাদেশ জারি করা হয়। এতে গুমকে 'চলমান অপরাধ' হিসেবে সংজ্ঞায়িত করা হয়। এর সর্বোচ্চ শাস্তি নির্ধারণ করা হয় মৃত্যুদণ্ড বা যাবজ্জীবন কারাদণ্ড।

**জাতীয় মানবাধিকার কমিশন (সংশোধন) অধ্যাদেশ :** জাতীয় মানবাধিকার কমিশন আইনের কিছু ধারায় সংশোধন আনতে সংশোধিত এই অধ্যাদেশটি জারি করা হয় । ২০২৫ সালের ৮ ডিসেম্বর এই অধ্যাদেশটি জারি করেছিল।

**দুর্নীতি দমন কমিশন (সংশোধন) অধ্যাদেশ :** বাংলাদেশের দুর্নীতি দমন কমিশন বা দুদকের তদন্ত ও গোপন অনুসন্ধান ক্ষমতা বাড়িয়ে দুর্নীতি দমন কমিশন (সংশোধন) অধ্যাদেশ জারি করা হয় ২০২৫ সালে। এতে সরাসরি এজাহার দায়েরের বিধান, বিদেশে সংঘটিত অপরাধসহ গুরুতর আর্থিক অপরাধকে আইনের আওতায় আনা, কমিশনের সদস্য বাড়ানোর বিধান করা হয়েছিল।

**বেসামরিক বিমান চলাচল (সংশোধন) অধ্যাদেশ :** বিমানের টিকিটিং ব্যবস্থায় স্বচ্ছতা নিশ্চিত এবং বিমান ভাড়ায় কারসাজি রোধে সুদৃঢ় আইনগত কাঠামো প্রণয়নে এই অধ্যাদেশ জারি করা হয়েছিল। এতে এয়ার অপারেটরদের কর্তৃপক্ষের নিকট সকল রুটের সর্বনিম্ন ও সর্বোচ্চ ভাড়ার তালিকা আবশ্যিকভাবে দাখিলের বিধান রাখা হয়েছিল।

**বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (সংশোধন) অধ্যাদেশ :** এই অধ্যাদেশের মাধ্যমে সরকারের বিধি দ্বারা অপরাধ চিহ্নিতকরণ এবং সংশ্লিষ্ট অপরাধ সংঘটনের ক্ষেত্রে দণ্ড নির্ধারণ-সংক্রান্ত বিধান অন্তর্ভুক্ত করা হয়েছে। অধ্যাদেশে বলা হয়েছে, ট্রাভেল এজেন্সি আইন লঙ্ঘনে এক বছরের কারাদণ্ড, অনধিক ১০ লাখ টাকা অর্থদণ্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হবেন।

**গুম প্রতিরোধ ও প্রতিকার (সংশোধন) অধ্যাদেশ :** সংশোধিত এই অধ্যাদেশে মানবাধিকার কমিশনের সুপারিশের ভিত্তিতে ট্রাইব্যুনালে পাবলিক প্রসিকিউটর নিয়োগের বিধান আনা হয়েছে। এছাড়াও অভিযোগকারী বা ভুক্তভোগী ব্যক্তিগত উদ্যোগেও আইনজীবী নিয়োগ করতে পারবেন। সংশোধিত এই অধ্যাদেশে বলা হয়েছিল, কোনো ব্যক্তি ন্যূনতম পাঁচ বছর ধরে গুম থাকলে এবং জীবিত না ফিরলে ট্রাইব্যুনাল তাঁর সম্পত্তি বৈধ উত্তরাধিকারীদের মধ্যে বণ্টনযোগ্য মর্মে ঘোষণা দিতে পারবে।

**মাইক্রোফাইন্যান্স ব্যাংক অধ্যাদেশ :** মাইক্রোফাইন্যান্স ব্যাংক প্রতিষ্ঠার উদ্দেশ্যে মাইক্রোফাইন্যান্স ব্যাংক অধ্যাদেশ, ২০২৬ প্রণয়ন করে অধ্যাপক ইউনূসের সরকার। অবৈধভাবে ঋণ পরিশোধে ব্যর্থতাকে অপরাধ হিসেবে চিহ্নিত করতে এই অধ্যাদেশ প্রণয়ন ও জারি করা হয়েছিল।

**তথ্য অধিকার (সংশোধন) অধ্যাদেশ :** দেশে তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত এবং সরকারি-বেসরকারি দপ্তরে স্বচ্ছতা ও জবাবদিহিতা বাড়াতে 'তথ্য অধিকার আইন, ২০০৯ সংশোধন করে নতুন অধ্যাদেশ জারি করেছিল অন্তর্বর্তী সরকার।
(বিবিসি ওয়েব পেজ : ০৯.০৪.২০২৬ আলী আহমেদ)

## আবু সাঈদ হত্যা মামলায় দুই পুলিশের মৃত্যুদণ্ড, বাকিদের বিভিন্ন মেয়াদে সাজা

২০২৪ সালের জুলাই অভ্যুত্থানের সময় নিহত শিক্ষার্থী আবু সাঈদ হত্যার ঘটনায় দুই পুলিশ সদস্যকে মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত। বাকি আসামিদের যাবজ্জীবনসহ বিভিন্ন মেয়াদে সশ্রম ও বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। ২০২৪ সালে কোটাবিরোধী আন্দোলন চলাকালে ১৬ জুলাই রংপুরে পুলিশের গুলিতে নিহত হন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষার্থী আবু সাঈদ। আবু সাঈদের হত্যার ঘটনাকে জুলাই অভ্যুত্থানের অন্যতম 'টার্নিং পয়েন্ট' মনে করা হয়। বৃহস্পতিবার দেওয়া রায়ে মৃত্যুদণ্ড পাওয়া দুই আসামি হলেন- পুলিশের এএসআই আমির হোসেন এবং কনস্টেবল সুজন চন্দ্র রায়। এছাড়া সহকারী পুলিশ কমিশনার আরিফুজ্জামান ওরফে জীবন, তাজহাট থানার তৎকালীন পুলিশ পরিদর্শক রবিউল ইসলাম ওরফে নয়ন, এসআই বিভূতি ভূষণ রায় ওরফে মাধবকরকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। মামলার আসামি রোকেয়া বিশ্ববিদ্যালয়ের তৎকালীন উপাচার্য হাসিবুর রশীদ, গণিত বিভাগের সহযোগী অধ্যাপক মশিউর রহমান, লোকপ্রশাসন বিভাগের সহযোগী অধ্যাপক আসাদুজ্জামান মণ্ডল এবং রংপুর মেট্রোপলিটন পুলিশের তৎকালীন কমিশনার মনিরুজ্জামানকে ১০ বছর করে কারাদণ্ড দেওয়া হয়েছে। বৃহস্পতিবার বেলা ১২টার দিকে বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ রায় পড়া শুরু করে করে। ট্রাইব্যুনালের অপর দুই সদস্য হলেন- বিচারক মো. মঞ্জুরুল বাছিদ ও বিচারক নূর মোহাম্মদ শাহরিয়ার কবীর। মামলার রায় রাষ্ট্রীয় টেলিভিশন বিটিভিতে সরাসরি সম্প্রচার করা হয়।

রায়ে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি পোমেল বড়ুয়াকেও ১০ বছরের কারাদণ্ডে দণ্ডিত করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের তৎকালীন সহকারী রেজিস্ট্রার রাফিউল হাসান রাসেল ও সহকারী রেজিস্ট্রার হাফিজুর রহমান ওরফে তুফানকে পাঁচ ও তিন বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার মো. মনিরুজ্জামান পলাশকে পলাশকে দেওয়া হয়েছে তিন বছরের সশ্রম কারাদণ্ড। বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মাহাফুজুর রহমান শামীম, সহ-সভাপতি ফজলে রাব্বী, সহ-সভাপতি আখতার হোসেন, সাংগঠনিক সম্পাদক সেজান আহম্মেদ ওরফে আরিফ এবং ধনঞ্জয় কুমারকে দোষী সাব্যস্তক্রমে তিন বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে। শাখা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ইমরান চৌধুরী ওরফে আকাশকে দেওয়া হয়েছে পাঁচ বছরের কারাদণ্ড। বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাসুদুল হাসান ওরফে মাসুদকে দেওয়া হয়েছে পাঁচ বছরের সশ্রম কারাদণ্ড। দপ্তর সম্পাদক বাবুল হোসেন, বিশ্ববিদ্যালয় এমএলএসএস মোহাম্মদ নুরুন্নবী মণ্ডল, সিকিউরিটি গার্ড নূর আলম মিয়া, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর মাহাবুবার রহমানকে দেওয়া হয়েছে তিন বছর করে এবং এমএলএসএস একেএম আমির হোসেনকে দেওয়া হয়েছে তিন বছরের কারাদণ্ড। রংপুর স্বাধীনতা চিকিৎসক পরিষদের সভাপতি ডা. সারোয়ার হোসেনকে পাঁচ বছরের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হয়েছে।

এছাড়া, তৎকালীন উপ-পুলিশ কমিশনার আবু মারুফ হোসেন ও অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার শাহ নূর আলম পাটোয়ারীকে পাঁচ বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে। রায়ে, মামলার ২৯ নং আসামি প্রক্টর অফিসের চুক্তিভিত্তিক কর্মচারী আনোয়ার পারভেজের হাজতবাসকালীন সময়কে কারাবাস ধরার নির্দেশ দেওয়া হয়েছে এবং সাজার মেয়াদ পূর্ণ ধরে তাকে ছেড়ে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

**রায়ের প্রতিক্রিয়া**

আবু সাঈদ হত্যা মামলার রায়ে অসন্তোষ জানিয়েছেন নিহত শিক্ষার্থীর বাবা মকবুল হোসেন ও মা মনোয়ারা বেগম। রায়ের পরপরই দুপুরে রংপুরের পীরগঞ্জ উপজেলার বাবনপুর এলাকার জাফর পাড়া গ্রামে নিজ বাড়িতে এই প্রতিক্রিয়া

জানান তারা। আবু সাঈদের বাবা মকবুল হোসেন বলেন, ”আরও লোকের ফাঁসি হওয়া দরকার ছিল।„ এদিকে, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম জানিয়েছেন, রায়ের পূর্ণাঙ্গ কপি পাওয়ার পর তারা সিদ্ধান্ত নেবেন কোনো আপিল করা হবে কি না। চিফ প্রসিকিউটর জানান, তিনি দায়িত্ব নেওয়ার আগেই এই মামলার তদন্ত ও বিচারকার্য শেষ হয়েছে। মামলায় মোট ২৫ জনের সাক্ষ্য নেওয়া হয়েছে এবং রায়ে আসামি থাকা ৩০ জনকেই দণ্ডিত করা হয়েছে। তিন আসামির বিরুদ্ধে একাধিক চার্জ প্রমাণিত হয়েছে। অন্যদের ক্ষেত্রে যে-সব অভিযোগে খালাস দেওয়া হয়েছে, পূর্ণাঙ্গ রায়ের কপি পাওয়ার পর প্রয়োজন মনে হলে রায় রিভিউ করার আবেদন করা হবে বলে জানান তিনি। একইসাথে 'সুপারিয়র কমান্ড রেসপন্সিবিলিটির, কথা মাথায় রেখে আগেই ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও স্বরাষ্ট্রমন্ত্রী কামাল হোসেনের বিরুদ্ধে যে রায় এসেছিল, একে তার সাথে মিলিয়ে দেখার সুযোগ আছে বলেও মন্তব্য করেন তিনি।

**আন্তর্জাতিক ট্রাইব্যুনালে মামলা**

২০২৪ সালে কোটাবিরোধী আন্দোলন চলাকালীন ১৬ জুলাই রংপুরে পুলিশের গুলিতে নিহত হন বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষার্থী আবু সাঈদ। দুই হাত ছড়িয়ে পুলিশের সামনে দাঁড়ানো আবু সাঈদের একটি ভিডিও সেসময় সামাজিক মাধ্যমে ব্যাপক ভাইরাল হয়। তার মৃত্যুতে সারা দেশে বিক্ষোভ ছড়িয়ে পড়ে। পরিস্থিতি সামাল দিতে সরকার এক পর্যায়ে কারফিউ জারি করলেও, তা নিয়ন্ত্রণে ব্যর্থ হয় সরকার। তার ২০ দিন পর, ২০২৫ সালের ৫ আগস্ট গণ-অভ্যুত্থানের মুখে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকার পতন হয়। এরপর জুলাই আন্দোলনের সময় হওয়া সহিংসতা ও দমন-পীড়নকে মানবতাবিরোধী অপরাধ হিসেবে বিবেচনায় নিয়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচারের উদ্যোগ নেয় অন্তর্বর্তী সরকার।

**মামলা কবে**

২০২৫ সালের ২৪ জুন ট্রাইব্যুনালের প্রধান কৌঁসুলির কার্যালয়ে জমা দেওয়া তদন্ত সংস্থার প্রতিবেদনে আবু সাঈদ হত্যার সঙ্গে ৩০ জনের সম্পৃক্ততার বিষয় উঠে আসে। এর মধ্যে ছয়জন আসামিকে গ্রেফতার করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্যসহ বাকি ২৪ জন আসামি পলাতক ছিলেন। ছয়দিন পর ৩০ জুন অভিযোগ আমলে নেওয়া হয়। পাশাপাশি, গ্রেফতারি পরোয়ানা জারি করা হয় পলাতক আসামিদের বিরুদ্ধে। পলাতক থাকা ২৪ জন আসামির জন্য রাষ্ট্রের পক্ষ থেকে চারজন আইনজীবী নিয়োগ দেওয়া হয়। ২০২৫ সালের ৬ আগস্ট ৩০জন আসামির বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ গঠনের মধ্যদিয়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এ মামলার বিচারকাজ শুরু হয়। চলতি বছরের ২১ জানুয়ারি থেকে ২৫ জানুয়ারি পর্যন্ত প্রসিকিউশন এবং ২৭ জানুয়ারি আসামিপক্ষের যুক্তিতর্ক উপস্থাপন শেষে মামলাটি রায়ের জন্য অপেক্ষমাণ রাখা হয়।(বিবিসি ওয়েব পেজ : ০৯.০৪.২০২৬ আলী আহমেদ)

## 'যুক্তরাষ্ট্রকে অবশ্যই যুদ্ধ এবং যুদ্ধবিরতির মধ্যে যে-কোনো একটিকে বেছে নিতে হবে'

বিবিসির টুডে প্রোগ্রামে দেওয়া এক সাক্ষাৎকারে ইরানের উপ-পররাষ্ট্রমন্ত্রী সাইদ খাতিবজাদেহ বলেছেন, যুক্তরাষ্ট্রকে 'অবশ্যই বেছে নিতে হবে' তারা যুদ্ধ চায়, নাকি শান্তি। তিনি বলেছেন, ”তারা একই সাথে দুটো জিনিস পেতে পারে না। এটা তো স্পষ্ট যে, এগুলো (যুদ্ধ আর শান্তি) একে অপরের সম্পূর্ণ বিপরীত।„ মি. খাতিবজাদেহ বলেছেন, লেবাননে ইসরায়েলের চলমান হামলাগুলো যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধবিরতির একটি ”গুরুতর লঙ্ঘন„। তিনি আরও বলেন, ”ইরান মধ্যপ্রাচ্যের সবাইকে এ চুক্তি মেনে চলার আহ্বান জানাচ্ছে এবং আমরা আশা করি, আমেরিকানরাও তাদের মিত্রদের ক্ষেত্রে একই আহ্বান জানাবে।„ ইসরায়েলি হামলা অব্যাহত থাকলে ইরান আলোচনা থেকে সরে আসবে কি না সংবাদদাতা নিক রবিনসনের এমন প্রশ্নের জবাবে মি. খাতিবজাদেহ বলেন, ”আমরা পুরো মধ্যপ্রাচ্যের মঙ্গলের কথা চিন্তা করছি।„(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ এলিনা)

## লেবাননে বুধবারের ইসরায়েলি হামলা 'সম্পূর্ণ ভুল' : যুক্তরাজ্যের পররাষ্ট্রমন্ত্রী

যুক্তরাজ্যের পররাষ্ট্রমন্ত্রী ইয়েভেট কুপার রেডিও ফোর-এর 'টুডে, অনুষ্ঠানে ইরান যুদ্ধ নিয়ে কথা বলেছেন। তিনি যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধবিরতি চুক্তির আওতায় লেবাননকে ”জরুরি ভিত্তিতে অন্তর্ভুক্ত করার„ আহ্বান জানান। বুধবার লেবাননে ইসরায়েলের হামলাকে তিনি ”সম্পূর্ণ ভুল„ বলে বর্ণনা করেন। কুপার বলেন, ”লেবাননে ব্যাপকভাবে বেসামরিক মানুষ বাস্তুচ্যুত হচ্ছেন, যার ফলে ভয়াবহ মানবিক সংকট তৈরি হয়েছে। ”এই উত্তেজনা পরিস্থিতিকে আরও ক্ষতিকর করে তুলছে, এটি ভুল। আমরা চাই, যুদ্ধবিরতির মেয়াদ বাড়িয়ে তা লেবানন পর্যন্ত বিস্তৃত করা হোক।„ এরপর তাকে ইরানের উপ-পররাষ্ট্রমন্ত্রীর এ বক্তব্য সম্পর্কে জিজ্ঞাসা করা হয়, যেখানে বলা হয়েছে যে, হরমুজ প্রণালি আন্তর্জাতিক জলসীমার অন্তর্ভুক্ত নয় এবং সেখানে নিরাপদ চলাচল 'ইরান ও ওমানের সদিচ্ছার, ওপর নির্ভরশীল। এর জবাবে কুপার এই দাবি প্রত্যাখ্যান করেন। তিনি বলেন, সামুদ্রিক আইনের আওতায় আন্তর্জাতিক ট্রানজিট রুটে নৌ চলাচলের স্বাধীনতা প্রযোজ্য। তিনি আরও যোগ করেন, ”কোনো দেশ একতরফাভাবে এ ধরনের আন্তর্জাতিক ট্রানজিট রুট দখল করে টোল আরোপ করতে পারে না।„(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ এলিনা)

**যুক্তরাষ্ট্র `আগ্রাসন, বন্ধ করলে হরমুজ প্রণালি খুলে দেওয়া হবে : ইরানের উপ-পররাষ্ট্রমন্ত্রী**

ইরানের উপ-পররাষ্ট্রমন্ত্রী সাঈদ খাতিবজাদেহ `টুডে, অনুষ্ঠানে বলেছেন, হরমুজ প্রণালি দিয়ে নিরাপদ চলাচল নিশ্চিত করবে ইরান। তিনি বলেন, যুক্তরাষ্ট্রের সঙ্গে ইরান যুদ্ধ শুরুর আগ পর্যন্ত এই প্রণালি "হাজার হাজার বছর ধরে খোলা ছিল„। তবে তিনি বলেন, যুক্তরাষ্ট্র "বাস্তবে এই আগ্রাসন থেকে সরে না এলে„ প্রণালি পুনরায় খোলা হবে না, যার মাধ্যমে তিনি লেবাননে ইসরায়েলের হামলার কথাই ইঙ্গিত করেছেন বলে মনে করা হচ্ছে। খাতিবজাদেহ বলেন, ইরান "আন্তর্জাতিক রীতি ও আন্তর্জাতিক আইন„ মেনে চলবে। তবে তিনি এটিও বলেন যে, হরমুজ প্রণালি আন্তর্জাতিক জলসীমার অন্তর্ভুক্ত নয় এবং সেখানে নিরাপদ চলাচল ইরান ও ওমানের "সদিচ্ছার„ ওপর নির্ভর করে। সাংবাদিক নিক রবিনসন জানতে চান, নিরাপদ চলাচল বলতে কি বোঝানো হচ্ছে যে, ইরান কি প্রণালি দিয়ে যাওয়া প্রতিটি জাহাজ থেকে ফি আদায় করবে না, কিংবা জাহাজ উড়িয়ে দেওয়ার হুমকি দেবে না? এর জবাবে ইরানের মন্ত্রী বলেন, ইরান চায় প্রণালিটি "শান্তিপূর্ণ„ থাকুক। তবে তিনি যোগ করেন, নিরাপদ চলাচল একটি দ্বিপাক্ষিক বিষয় এবং উপসাগরকে যেন যুদ্ধজাহাজের মাধ্যমে "অপব্যবহার„ করা না হয়, তা ইরান মেনে নেবে না।
(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ এলিনা)

**হিজবুল্লাহ সেক্রেটারি জেনারেল নাইম কাসেমের সহকারীকে হত্যার দাবি ইসরায়েলি সেনাবাহিনীর**

ইসরায়েলি সেনাবাহিনী জানিয়েছে, তারা হিজবুল্লাহ মহাসচিব নাঈম কাসেমের সহকারীকে হত্যা করেছে। ইসরায়েলি সামরিক বাহিনীর মুখপাত্র আভিচেই আদরাই সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ এক বিবৃতিতে জানান, বৈরুতে গত রাতের বিমান হামলায় নাঈম কাসেমের ব্যক্তিগত উপদেষ্টা আলি ইউসুফ হারশি নিহত হয়েছেন। যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে যুদ্ধবিরতি কার্যকর হওয়ার মাত্র কয়েক ঘণ্টা পরই গতকাল লেবাননের বিভিন্ন স্থানে ভয়াবহ ও ব্যাপক হামলা চালায় ইসরায়েল। এই হামলার তীব্র সমালোচনা করেছে ইরান। যুদ্ধবিরতির শর্ত লেবাননের ক্ষেত্রেও প্রযোজ্য বলে তেহরানের পক্ষ থেকে জোর দিয়ে বলা হচ্ছে।(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ এলিনা)

**`আসল চুক্তি, না মানা পর্যন্ত `একই অবস্থানে, থাকবে যুক্তরাষ্ট্রের বাহিনী : ট্রাম্প**

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সামাজিক যোগাযোগ মাধ্যম ট্রুথ সোশ্যালে ইরানকে সতর্ক করে একটি পোস্ট দিয়েছেন। তিনি বলেছেন, যদি "আসল চুক্তি„ পুরোপুরি মেনে চলা না হয়, তাহলে এমন ভয়াবহ বড়ো হামলা শুরু হবে, যা কেউ আগে কখনও দেখেনি। তার পুরো বক্তব্যটি হলো- "যুক্তরাষ্ট্রের সকল জাহাজ, বিমান এবং সামরিক সদস্য- প্রয়োজনীয় গোলাবারুদ, অস্ত্রশস্ত্র এবং শত্রুদের মোকাবিলার জন্য যা যা দরকার, তার সব কিছুসহ ইরানের আশেপাশে মোতায়েন থাকবে। যতক্ষণ না আমাদের মধ্যে হওয়া `আসল চুক্তি, পুরোপুরি কার্যকর হচ্ছে, ততক্ষণ তারা সেখান থেকে সরবে না।„ "যদি কোনো কারণে এই চুক্তি অমান্য করা হয়, যদিও তার সম্ভাবনা খুব কম, তবে আবারও `হামলা শুরু হবে,, যা হবে আগের চেয়ে অনেক বড়ো, শক্তিশালী এবং বিধ্বংসী।„ ট্রাম্প আরো লিখেছেন, "অনেক আগেই এই বিষয়ে একমত হয়েছিল যে, যতই মিথ্যে প্রচারণা চালানো হোক না কেন, ইরানের কোনো পারমাণবিক অস্ত্র থাকবে না এবং হরমুজ প্রণালি সবার জন্য উন্মুক্ত ও নিরাপদ থাকবে। বর্তমানে আমাদের সামরিক বাহিনী বিশ্রাম নিচ্ছে এবং পরবর্তী প্রস্তুতির জন্য নিজেদের তৈরি করে নিচ্ছে। আমেরিকা আবারও তার আগের অবস্থানে ফিরে এসেছে!„(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ এলিনা)

**লেবাননে সামরিক তৎপরতা যুদ্ধবিরতির জন্য `মারাত্মক ঝুঁকি,: জাতিসংঘ মহাসচিব**

জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেসের মুখপাত্র এক বিবৃতিতে জানিয়েছেন, মহাসচিব "গত ৮ এপ্রিল লেবানন জুড়ে ইসরায়েলের চালানো ভয়াবহ হামলার তীব্র নিন্দা জানিয়েছেন„ এবং "সব পক্ষকে অবিলম্বে শত্রুতা বন্ধ করার„ আহ্বান জানিয়েছেন। বিবৃতিতে বলা হয়, এই হামলার ফলে "শিশুসহ শত শত বেসামরিক মানুষ হতাহত হয়েছে এবং বেসামরিক অবকাঠামোর ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে„। "বেসামরিক মানুষের মৃত্যুর সংখ্যা ক্রমাগত বাড়ায় গভীর উদ্বেগ„ প্রকাশ করেছেন মহাসচিব। একইসাথে লেবানন সরকারের প্রতি সমবেদনা জানিয়েছেন। তিনি সতর্ক করে বলেছেন, লেবাননে এই সামরিক তৎপরতা "যুদ্ধবিরতি এবং ওই অঞ্চলে একটি স্থায়ী ও সামগ্রিক শান্তি প্রতিষ্ঠার প্রচেষ্টার ক্ষেত্রে মারাত্মক ঝুঁকি তৈরি করছে„। "এই সংকটের কোনো সামরিক সমাধান নেই„ বলেও মন্তব্য করেছেন জাতিসংঘ মহাসচিব। (বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ এলিনা)

**`যেখানেই প্রয়োজন, সেখানেই হিজবুল্লাহর ওপর হামলা অব্যাহত রাখবে ইসরায়েল : নেতানিয়াহু**

যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের মধ্যে যুদ্ধবিরতি চুক্তি হলেও, হিজবুল্লাহর ওপর হামলা অব্যাহত রাখার ঘোষণা দিয়েছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। এর আগে, ইসরায়েল জানিয়েছিল, এই যুদ্ধবিরতি লেবাননের ক্ষেত্রে প্রযোজ্য নয়। তবে ইরান বলছে, লেবাননে ইসরায়েলের এই ক্রমাগত হামলা যুদ্ধবিরতি চুক্তির একটি "গুরুতর লঙ্ঘন„। নেতানিয়াহু বলেন, "আমাদের বার্তা পরিষ্কার, যারাই ইসরায়েলি বেসামরিক নাগরিকদের বিরুদ্ধে কাজ করবে, তাদেরই লক্ষ্যবস্তু করা হবে„। "যতক্ষণ না আমরা উত্তর ইসরায়েলের বাসিন্দাদের পূর্ণ নিরাপত্তা নিশ্চিত করতে পারছি, ততক্ষণ

যেখানে প্রয়োজন, সেখানেই হিজবুল্লাহর ওপর আমাদের হামলা চলবে,„ ঘোষণা করেন নেতানিয়াহু। ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) হিজবুল্লাহ মহাসচিব নাঈম কাসেমের ভাতিজা ও সচিব আলি ইউসুফ হারশিকে হত্যার ঘোষণা দেওয়ার পর নেতানিয়াহু এই ঘোষণা দিয়েছেন।
(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ এলিনা)

## ইসরায়েলি হামলায় ২০৩ জন নিহতের তথ্য জানালো লেবানন

লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, বুধবার দেশজুড়ে ২০৩ জন নিহত এবং এক হাজার জনেরও বেশি আহত হয়েছেন। এমন এক সময়ে এই খবরটি এলো, যখন ইরান বলছে, দেশজুড়ে চলমান ইসরায়েলি হামলা যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধবিরতি চুক্তির একটি "গুরুতর লঙ্ঘন„।(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে পাকিস্তানে বৈঠকের খবর সংক্রান্ত পোস্ট মুছে দিলেন ইরানি রাষ্ট্রদূত

যুদ্ধ অবসানে আলোচনার জন্য ইরানি একটি প্রতিনিধি দলের বৃহস্পতিবার ইসলামাবাদে রওয়ানা হওয়ার কথা জানিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ দেওয়া পোস্টটি মুছে ফেলেছেন পাকিস্তানে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত রেজা আমিরি মোগাদাম। ইরানি রাষ্ট্রদূত তার পোস্টে লিখেছিলেন, এই আলোচনা "ইরানের প্রস্তাবিত ১০টি পয়েন্ট বা দফার„ ওপর ভিত্তি করে হবে। তবে এই দফাগুলো কী কী, সেটি নিয়ে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে মতপার্থক্য রয়েছে। তবে কেন রাষ্ট্রদূত তার পোস্টটি মুছে ফেলেছেন, সে বিষয়ে কোনো ব্যাখ্যা দেননি। আগামী শনিবার যুক্তরাষ্ট্রের ভাইস-প্রেসিডেন্ট জেডি ভ্যান্সের সাথে এই বৈঠক হওয়ার কথা রয়েছে।(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ এলিনা)

## যুদ্ধ শুরুর পর প্রথমবারের মতো সৌদি ও ইরানের পররাষ্ট্রমন্ত্রীর মধ্যে টেলিফোনে কথোপকথন

সৌদি পররাষ্ট্রমন্ত্রী প্রিন্স ফয়সাল বিন ফারহান আল সৌদ এবং ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি যুদ্ধ শুরুর পর প্রথমবারের মতো টেলিফোনে কথা বলেছেন। সামাজিক যোগাযোগ মাধ্যম এক্স-এ সৌদি পররাষ্ট্র মন্ত্রণালয় নিজেদের অ্যাকাউন্টে জানিয়েছে, দুই মন্ত্রী বর্তমান পরিস্থিতির সর্বশেষ অবস্থা নিয়ে পর্যালোচনা করেছেন। এছাড়া, "এই অঞ্চলে নিরাপত্তা ও স্থিতিশীলতা ফিরিয়ে আনতে উত্তেজনা কমানোর উপায় নিয়েও„ তারা আলোচনা করেছেন। সাম্প্রতিক যুদ্ধ এবং পারস্য উপসাগরের দক্ষিণাঞ্চলীয় দেশগুলোতে ইরানের হামলার পর এটিই দুই দেশের মধ্যে প্রথম আনুষ্ঠানিক যোগাযোগ।(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ এলিনা)

## ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের হামলায় ইরানে তিন হাজারেরও বেশি মানুষ নিহত

ইরানের ফরেনসিক মেডিসিন সংস্থার প্রধান আব্বাস মাসজেদি আরানি জানিয়েছেন, গত ২৮ ফেব্রুয়ারি যুদ্ধ শুরু হওয়ার পর থেকে ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের হামলায় ইরানে "তিন হাজারের বেশি„ মানুষ নিহত হয়েছেন। আব্বাস মাসজেদি বলেন, হামলায় ব্যবহৃত উন্নত সমরাস্ত্রের প্রভাবে নিহতদের মধ্যে প্রায় "৪০ শতাংশের„ মরদেহ চেনার উপায় ছিল না। তবে এসব ব্যক্তিদের ডিএনএ ও অন্যান্য পরীক্ষার মাধ্যমে শনাক্ত করে তাদের পরিবারের কাছে হস্তান্তরের কাজ চালিয়ে যাচ্ছে ফরেনসিক মেডিসিন সংস্থা। গত ৭ এপ্রিল পর্যন্ত, যুক্তরাষ্ট্র-ভিত্তিক হিউম্যান রাইটস অ্যাকটিভিস্ট নিউজ এজেন্সি (এইচআরএএনএ) জানায় যে, অন্তত ২৫৪ জন শিশুসহ এক হাজার ৭০১ জন বেসামরিক নাগরিক নিহত হয়েছেন। তারা আরও জানিয়েছে যে, সংঘাত শুরু হওয়ার পর থেকে ১,২২১ জন সামরিক সদস্য নিহত হয়েছেন এবং আরও ৭১৪ জনের মৃত্যুর তথ্য শ্রেণিবিন্যাস করা হয়নি।(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ এলিনা)

## লেবাননে হামলার নিন্দা জানিয়েছে যুক্তরাজ্য : প্রতিরক্ষামন্ত্রী

ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে যুদ্ধবিরতিকে শক্তিশালী করতে যুক্তরাজ্য "সাধ্যমতো চেষ্টা করবে„ বলে জানিয়েছেন দেশটির প্রতিরক্ষামন্ত্রী জন হেইলি। ডাউনিং স্ট্রিটে এক সংবাদ সম্মেলনে বিবিসির প্রতিরক্ষা সংবাদদাতা জোনাথন বীলের করা প্রশ্ন, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যকার এই যুদ্ধবিরতি টিকে থাকবে কি না জানতে চাইলে এমন জবাব দেন তিনি। তিনি বলেন, "আমরা এই যুদ্ধবিরতিকে স্বাগত জানাই এবং আমরা চাই, এটি কার্যকর থাকুক।„ "আমরা লেবাননে এই উত্তেজনার তীব্র নিন্দা জানাই। আমরা চাই, ইসরায়েল-লেবানন সংঘাতকেও এই যুদ্ধবিরতির শর্তাবলির আওতায় আনা হোক,„ বলেন যুক্তরাজ্যের প্রতিরক্ষামন্ত্রী জন হেইলি। ইরান, ইসরায়েল, যুক্তরাষ্ট্রের যুদ্ধের প্রেক্ষিতে মধ্যপ্রাচ্যে বড়ো আকারের ব্রিটিশ সামরিক বাহিনী মোতায়েন করা "ব্রিটেনের জাতীয় স্বার্থের„ অনুকূলে নয় বলেও মন্তব্য করেছেন মি. হেইলি। "মধ্যপ্রাচ্যের মতো যখন কোনো সংকট অত্যন্ত বিপজ্জনক ও ভয়াবহ রূপ নেয়, তখন অনেকেই প্রশ্ন তোলেন, কেন সেখানে যুক্তরাজ্যের সামরিক সম্পদ ও সব সদস্যদের মোতায়েন করা হচ্ছে না, আমি তাদের এই প্রশ্ন বুঝতে পারছি,„ বলেন তিনি। "কিন্তু এটি ব্রিটেনের জাতীয় স্বার্থের সঙ্গে সংগতিপূর্ণ নয়,„ বলেন তিনি। যুক্তরাজ্যের প্রতিরক্ষামন্ত্রী জন হেইলি বলেন, "সবচেয়ে বড়ো হুমকিগুলো প্রায়ই অদেখা এবং নিঃশব্দ হয়।„
(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ এলিনা)

## আলোচনা সফল হওয়ার ব্যাপারে আশাবাদী লন্ডনে নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার

যুদ্ধবিরতির অন্তর্ভুক্ত বিষয়গুলো নিয়ে ব্যাপক মতবিরোধ থাকায় যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যবর্তী এই যুদ্ধবিরতিটি এখন নাজুক অবস্থায় রয়েছে। তবে লন্ডনে নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার ডক্টর মুহাম্মদ ফয়সাল বিবিসিকে বলেছেন, এই সপ্তাহান্তে দুই পক্ষই ইসলামাবাদে আলোচনায় বসবে বলে তিনি অত্যন্ত আত্মবিশ্বাসী। তাদের লক্ষ্য হলো, দুই সপ্তাহের জন্য যুদ্ধ বন্ধের সাময়িক অবস্থাকে একটি স্থায়ী চুক্তিতে রূপ দেওয়া। তিনি দাবি করেন, কিছু বিচ্ছিন্ন ঘটনা ঘটলেও, যুদ্ধবিরতি ”মোটামুটি ভালোভাবে„ কার্যকর হয়েছে। এই যুদ্ধবিরতি লেবাননের ক্ষেত্রেও প্রযোজ্য উল্লেখ করে তিনি বলেন, যদিও ইসরায়েলি হামলা অব্যাহত থাকায় যুক্তরাষ্ট্র বিষয়টি অস্বীকার করে আসছে। পাকিস্তানি এই হাইকমিশনার স্বীকার করেছেন, দুই পক্ষের মধ্যে মতামতের ”বিরাট দূরত্ব„ রয়েছে। আগামী শনিবার প্রতিনিধি দলগুলো সরাসরি মুখোমুখি বসে আলোচনা করবে কি না, সে বিষয়টি তিনি নিশ্চিত করতে পারেননি। যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে প্রকাশ্যে ব্যাপক দূরত্ব থাকলেও, এই আলোচনা ফলপ্রসূ হবে বলে আশাবাদী পাকিস্তানি হাইকমিশনার। তিনি মনে করেন, যদি তারা ইসলামাবাদে বৈঠকে যোগ দিতে পারে, তাহলে তারা কোনো একটি সাধারণ সমাধানে পৌঁছাতে সক্ষম হবেন।(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ এলিনা)

## যুদ্ধবিরতির পর থেকে অন্তত নয়টি জাহাজ হরমুজ প্রণালি পার হয়েছে

ইরানি সরকার হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচলের অনুমতি দেবে কি না, সে বিষয়টি নিয়ে এখনো অনিশ্চয়তা রয়েছে। তবে বিবিসি ভেরিফাই এই গুরুত্বপূর্ণ জলপথ দিয়ে জাহাজের সীমিত চলাচল পর্যবেক্ষণ করেছে। মেরিন ট্র্যাফিকের জাহাজ ট্র্যাকিং-এর তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, মঙ্গলবার রাতে যুদ্ধবিরতি ঘোষণার পর থেকে অন্তত নয়টি জাহাজ এই প্রণালি পার হয়েছে। এগুলোর মধ্যে দুইটি তেল ও রাসায়নিক ট্যাংকারও রয়েছে। বহুজাতিক সংস্থা জয়েন্ট মেরিটাইম ইনফরমেশন সেন্টারের পরিসংখ্যান অনুযায়ী, যুদ্ধের আগে প্রতিদিন গড়ে **১৩৮**টি জাহাজ এই প্রণালি দিয়ে যাতায়াত করতো। সামুদ্রিক নিউজ আউটলেট লয়েডস লিস্টের প্রধান সম্পাদক রিচার্ড মিডের মতে, এই যুদ্ধ জাহাজের আগের চলাচলকে প্রায় স্থবির করে দিয়েছে এবং প্রায় ৮০০টি জাহাজ এই অঞ্চলে আটকা পড়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ রনি)

## আলোচনার টেবিলে থাকতে চায় লেবানন : মন্ত্রী

লেবাননের সোশাল অ্যাফেয়ার্স মিনিস্টার বিবিসিকে বলেছেন, যুদ্ধবিরতি চুক্তি নিয়ে আলোচনার জন্য লেবাননের ”আলোচনার টেবিলে একটি আসন„ থাকাটা জরুরি। হানিন সায়েদ বলেন, দেশটি মনে করে, ”যুদ্ধবিরতি চুক্তির শর্তাবলিতে লেবাননকে অন্তর্ভুক্ত করা হয়েছিল।„ একইসাথে ”কী ধরনের শান্তি ও যুদ্ধবিরতি চুক্তি প্রয়োজন, তা নিয়ে লেবানন সরকারের আলোচনা করাটা জরুরি।„ বুধবার বৈরুতে ইসরায়েলি হামলাকে ”গুরুতর লঙ্ঘন„ বলে মনে করেন তিনি। এ বিষয়ে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে একটি অভিযোগ পাঠানো হবে বলে জানিয়েছেন লেবানিজ এই মন্ত্রী।
(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ রনি)

## হরমুজ প্রণালি নিরাপদ করতে ন্যাটোর কাছে `সুনির্দিষ্ট প্রতিশ্রুতি, চাচ্ছেন ট্রাম্প, রয়টার্সের খবর

ন্যাটোর মহাসচিব মার্ক রুটে জোটভুক্ত কয়েকটি দেশের কর্তৃপক্ষকে জানিয়েছেন, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ”আগামী কয়েক দিনের মধ্যেই হরমুজ প্রণালি নিরাপদ রাখতে সহায়তার জন্য দৃশ্যমান ও নির্দিষ্ট প্রতিশ্রুতি চান„- বৃহস্পতিবার রয়টার্সকে এ কথা জানান দুইজন ইউরোপীয় কূটনীতিক। ইরানের সঙ্গে যুদ্ধ ঘিরে ন্যাটোর ভেতরে উত্তেজনা তৈরি হওয়ার প্রেক্ষাপটে বুধবার ওয়াশিংটনে ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে বৈঠক করেন মার্ক রুটে। কূটনীতিকদের একজন রয়টার্সকে বলেন, ”ওয়াশিংটনে যে অসন্তোষ ও হতাশা রয়েছে, তা আমরা বুঝি। তবে এই যুদ্ধ শুরুর আগে কিংবা পরে- কোনো সময়েই যুক্তরাষ্ট্র তার মিত্রদের সঙ্গে পরামর্শ করেনি।„ ডোনাল্ড ট্রাম্প ট্রুথ সোশ্যাল লিখেছেন, ”এদের কেউই, এমনকি আমাদের নিজেদের লোকজনও খুব একটা হতাশাজনক নয়, চাপ প্রয়োগ না করা হলে ন্যাটো কিছুই বোঝে না।„ (বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ রনি)

## ইসরায়েলি হামলা বন্ধে লেবাননের প্রধানমন্ত্রী সমর্থন চেয়েছেন : পাকিস্তান

লেবাননের প্রধানমন্ত্রী নওয়াফ সালাম পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফের কাছে দেশটির ওপর ইসরায়েলি হামলা বন্ধে সমর্থন চেয়েছেন। পাকিস্তানের প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রকাশিত দুইজনের মধ্যকার একটি ফোনালাপের বিবৃতিতে এ তথ্য জানা গেছে। যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধবিরতি চুক্তিতে পাকিস্তান মধ্যস্থতাকারী হিসেবে কাজ করেছে। বিবৃতিতে বলা হয়েছে, পাকিস্তানের প্রধানমন্ত্রী লেবাননের প্রধানমন্ত্রীকে বলেছেন, তিনি ”ইসরায়েলের চলমান আগ্রাসনের তীব্র নিন্দা করেন।„ এতে বলা হয়েছে, ”লেবানন ও দেশটির জনগণকে লক্ষ্য করে চালানো হামলা অবিলম্বে বন্ধ করার জন্য পাকিস্তানের সমর্থন চেয়েছেন„ লেবাননের প্রধানমন্ত্রী নাওয়াফ সালাম।
(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ রনি)

## ইরানের আক্রমণের শিকার হলে ইসরায়েল `কঠোর ব্যবস্থা নিতে প্রস্তুত,: প্রতিরক্ষামন্ত্রী

ইসরায়েলের প্রতিরক্ষামন্ত্রী ইসরায়েল কাৎজ বলেছেন, লেবাননে তার দেশের অভিযান হিজবুল্লাহর মুখে একটি ”খুব শক্তিশালী আঘাত, এই অভিযানের গভীরতা এবং ব্যাপকতায় তারা হতবাক এবং বিভ্রান্ত হয়ে গিয়েছে।„ প্রতিরক্ষামন্ত্রী বলেন, ”যদি ইরান ইসরায়েলের দিকে গুলি চালায়, তবে ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী কঠোরভাবে ব্যবস্থা নিতে প্রস্তুত রয়েছে।„ উল্লেখ্য, ইরানের কর্মকর্তারা বলেছেন, লেবাননে ইসরায়েলি হামলা যুদ্ধবিরতি চুক্তির লঙ্ঘন এবং প্রেসিডেন্ট সতর্ক করে বলেছেন, ইরানের হাত ”বন্দুকের ট্রিগারেই থাকবে„। কাৎজ বলেন, বুধবার লেবাননে ২০০ জনেরও বেশি লোক নিহত হয়েছে, যাদের তিনি সন্ত্রাসী হিসেবে উল্লেখ করেছেন। এখন পর্যন্ত এই অভিযানে মোট নিহতের সংখ্যা এক হাজার ৪০০ জন ছাড়িয়ে গেছে। এর আগে, লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, বুধবার ইসরায়েলি হামলায় ২০৩ জন নিহত হয়েছেন। একইসাথে কর্মকর্তারা জানিয়েছেন, গত মাসে লেবাননে ইসরায়েল তাদের সর্বশেষ অভিযান শুরু করার পর থেকে এক হাজার ৭০০ জনেরও বেশি মানুষ নিহত হয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ রনি)

## মন্ত্রিসভাকে লেবাননের সঙ্গে সরাসরি আলোচনা শুরু করতে বলেছেন, দাবি নেতানিয়াহুর

ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু বলেছেন, তিনি তার মন্ত্রিসভাকে লেবাননের সঙ্গে ”যত দ্রুত সম্ভব„ সরাসরি আলোচনা শুরু করার নির্দেশ দিয়েছেন। হিব্রু ভাষায় এক্স (সাবেক টুইটার) এ পোস্ট করা এক বিবৃতিতে বলা হয়েছে, সরাসরি আলোচনা শুরু করার জন্য লেবাননের ”বারবার আহ্বানের„ পরিপ্রেক্ষিতে গতকাল মন্ত্রিসভাকে এই অনুরোধ করেছেন নেতানিয়াহু। তিনি আরও বলেন, এই আলোচনার মূল লক্ষ্য হবে ”হিজবুল্লাহকে নিরস্ত্র করা এবং ইসরায়েল ও লেবাননের মধ্যে শান্তিপূর্ণ সম্পর্ক স্থাপন করা।„(বিবিসি ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ রনি)

# এনইচকে

## `ভঙ্গুর, যুক্তরাষ্ট্র-ইরান যুদ্ধবিরতি এবং হরমুজ প্রণালি দিয়ে নৌ চলাচল সম্পর্কে অনিশ্চয়তা

সংঘাত নিরসনের পথ প্রশস্ত করতে যুক্তরাষ্ট্র ও ইরান দুই সপ্তাহের যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে। হোয়াইট হাউস জানিয়েছে, তারা আলোচনার জন্য এই সপ্তাহান্তে পাকিস্তানে প্রতিনিধিদের পাঠাচ্ছে, তবে যুদ্ধবিরতি অব্যাহত থাকবে কিনা এবং হরমুজ প্রণালি নৌ চলাচলের জন্য উন্মুক্ত আছে কি না, তা নিয়ে প্রশ্ন রয়ে গেছে। হোয়াইট হাউসের প্রেস সচিব ক্যারোলাইন লেভিট বুধবার জানিয়েছেন যে, মার্কিন প্রতিনিধিদলকে নেতৃত্ব দেবেন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স। বিশেষ দূত স্টিভ উইটকফ এবং প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের জামাতা জ্যারেড কুশনারও এতে যোগ দেবেন। লেভিট বলেছেন, ”আলোচনার প্রথম পর্ব স্থানীয় সময় শনিবার সকালে অনুষ্ঠিত হবে এবং আমরা জানি যে, সেই মুখোমুখি বৈঠকগুলোর জন্য আমরা আগ্রহ সহকারে অপেক্ষা করছি।„ বুধবার হাঙ্গেরিতে এক অনুষ্ঠানে বক্তব্য রাখার সময় ভ্যান্স বলেন, যুক্তরাষ্ট্র ও তার মিত্ররা হামলা বন্ধ রাখলে প্রণালিটি খোলা রাখতে সম্মত হয়েছে ইরান। তবে তিনি জানান যে, এ ব্যাপারে তেহরানে নেতৃত্বের মধ্যে মতবিরোধ রয়েছে। ভ্যান্স বলেন, ”ইরানিরা যদি সদিচ্ছা নিয়ে আমাদের সাথে কাজ করতে চায়, তাহলে আমরা একটি চুক্তিতে পৌঁছাতে পারব বলে আমি মনে করি। যদি তারা মিথ্যা বলে, যদি তারা প্রতারণা করে, যদি তারা আমাদের গড়ে তোলা ভঙ্গুর যুদ্ধবিরতিকেও কার্যকর হতে দিতে বাধা দেওয়ার চেষ্টা করে, তাহলে ফলাফল তাদের জন্য সুখকর হবে না।„ ইতোমধ্যে ওয়াল স্ট্রিট জার্নালের প্রতিবেদনে জানানো হয়েছে যে, ইরানি কর্তৃপক্ষ প্রণালিটির চারপাশে নোঙর করা জাহাজগুলোকে বার্তা পাঠিয়েছে। বার্তায় বলা হয়েছে, প্রণালি দিয়ে যাতায়াতের জন্য ইসলামিক রেভল্যুশনারি গার্ড বাহিনীর অধীনস্থ ইউনিটগুলোর অনুমতি এখনও প্রয়োজন এবং অনুমতি না নেওয়া জাহাজ ধ্বংস করে দেওয়া হবে বলে এতে সতর্ক করা হয়েছে। ওদিকে ইরানের ফার্স বার্তা সংস্থা জানায়, লেবাননে ইসরায়েলি হামলার জেরে হরমুজ প্রণালি দিয়ে তেলবাহী ট্যাংকার চলাচল বন্ধ রাখা হয়েছে। এতে কোনো সূত্রের উল্লেখ করা হয়নি এবং বিস্তারিত আর কিছু জানানো হয়নি। হোয়াইট হাউস এই খবরটিকে 'মিথ্যা' বলে উড়িয়ে দিয়েছে এবং জোর দিয়ে বলেছে যে, এ ধরনের যে-কোনো পদক্ষেপ 'সম্পূর্ণ অগ্রহণযোগ্য' হবে।(এনএইচকে ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ রনি)

# ডয়চে ভেলে

## সীতাকুণ্ডে আওয়ামী লীগ নেতাকে কুপিয়ে হত্যা

চট্টগ্রামের সীতাকুণ্ডে আওয়ামী লীগের এক নেতাকে কুপিয়ে হত্যা করা হয়েছে। গতকাল বুধবার রাত ১১টার দিকে উপজেলার মুরাদপুর ইউনিয়নের গোলাবাড়িয়া তালতলা বেড়িবাঁধের কাছে এ ঘটনা ঘটে বলে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলো জানিয়েছে। নিহত নেতার নাম মো. শামীম। সীতাকুণ্ড পৌরসভা আওয়ামী লীগের ৯ নম্বর ওয়ার্ডের সাংগঠনিক সম্পাদক ছিলেন তিনি। তার বাড়ি পৌরসভার দক্ষিণ শিবপুর এলাকায়। ৪০ বছর বয়সি আওয়ামী লীগের এ নেতাকে হত্যার ঘটনায় দুইজনকে আটক করা হয়েছে। তবে তাদের নাম-পরিচয় প্রকাশ করেনি পুলিশ। পুলিশের দাবি, এটি রাজনৈতিক হত্যাকাণ্ড নয়, পূর্বশত্রুতার জেরে এ হত্যার ঘটনা ঘটেছে। নিহত ব্যক্তির ভাই

মোহাম্মদ সেলিম প্রথম আলোকে বলেন, গতকাল তার ভাই স্ত্রীকে নিয়ে শ্বশুরবাড়িতে বেড়াতে গিয়েছিলেন। রাত সাড়ে ১০টার দিকে কিছু লোক এসে তার ভাইকে সেখান থেকে ডেকে বেড়িবাঁধ এলাকায় নিয়ে যায়। এরপর বেধড়ক পিটিয়ে ও কুপিয়ে পায়ের রগ কেটে হত্যা করে। প্রায় ১৫ দিন আগে এলাকার ইরান নামের এক ব্যক্তির সঙ্গে তার ভাইয়ের বিবাদ হয়েছিল। এ বিবাদ থেকে এ ঘটনা ঘটতে পারে। সীতাকুণ্ড থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মহিনুল ইসলাম প্রথম আলোকে বলেন, লাশ উদ্ধার করে সুরতহাল করা হয়েছে। নিহত ব্যক্তির শরীরের বিভিন্ন জায়গায় কুপিয়ে জখম করা হয়েছে। ময়নাতদন্তের জন্য লাশ চট্টগ্রাম মেডিকেল কলেজে পাঠানো হয়েছে। এ ঘটনায় রাতেই পুলিশ সন্দেহভাজন দুইজনকে আটক করেছে। তাদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ রুবাইয়া)

## প্রসঙ্গ সন্ত্রাসবিরোধী আইনের সংশোধনী ও আওয়ামী লীগ

জাতীয় সংসদে সন্ত্রাসবিরোধী আইনের সংশোধনী বিল পাস করে আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধের অধ্যাদেশকে আইনে রূপান্তর করা হয়েছে। এ উদ্যোগকে "জনগণের মৌলিক অধিকারের উপর সরাসরি আঘাত„ মনে করে আওয়ামী লীগ। গতকাল বুধবার সন্ত্রাসী কার্যক্রমে জড়িত ব্যক্তি বা সত্তা এবং তাদের কর্মকাণ্ড নিষিদ্ধ করার বিধান যুক্ত করে অন্তর্বর্তী সরকারের আমলে জারি করা সন্ত্রাসবিরোধী (সংশোধন) অধ্যাদেশ অনুমোদন করে জাতীয় সংসদ। সন্ত্রাসবিরোধী আইনে আগে কোনো ব্যক্তি বা সত্তাকে নিষিদ্ধ করার বিধান থাকলেও, কার্যক্রম নিষিদ্ধ করার বিধান ছিল না। ২০২৫ সালের ১১ মে অন্তর্বর্তী সরকার অধ্যাদেশ জারি করে এ আইনে কোনো কোনো সত্তার যাবতীয় কার্যক্রম নিষিদ্ধ করার বিধান যুক্ত করে। তারপর, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বাংলাদেশ আওয়ামী লীগ ও তার নেতাদের বিচারকার্য সম্পন্ন না হওয়া পর্যন্ত দলটির যাবতীয় কার্যক্রম নিষিদ্ধ করে অন্তর্বর্তী সরকার। গতকাল বুধবার জাতীয় সংসদে পাস হওয়া সন্ত্রাসবিরোধী আইনের সংশোধনী বিলে বলা হয়েছে, কোনো ব্যক্তি বা সত্তা সন্ত্রাসী কাজের সঙ্গে জড়িত থাকলে সরকার প্রজ্ঞাপন দিয়ে সত্তাকে নিষিদ্ধ ঘোষণা ও তফশিলে তালিকাভুক্ত করতে পারবে বা সত্তার যাবতীয় কার্যক্রম নিষিদ্ধ ঘোষণা করতে পারবে। বিলে আরো বলা হয়, উক্ত সত্তা কর্তৃক বা উহার পক্ষে বা সমর্থনে যে-কোনো প্রেস বিবৃতির প্রকাশনা বা মুদ্রণ কিংবা গণমাধ্যম, অনলাইন, সামাজিক যোগাযোগমাধ্যম বা অন্য যে-কোনো মাধ্যমে যে-কোনো ধরনের প্রচারণা, অথবা মিছিল, সভা-সমাবেশ বা সংবাদ সম্মেলন আয়োজন বা জনসমক্ষে বক্তৃতা প্রদান নিষিদ্ধ করবে।

### আওয়ামী লীগের প্রতিবাদ

সন্ত্রাসবিরোধী আইনের সংশোধনী বিল জাতীয় সংসদে পাস হওয়ার পরই, নিজেদের অফিসিয়াল ফেসবুক পেজে এর প্রতিবাদ জানায় আওয়ামী লীগ। এক বিবৃতিতে দলটির পক্ষ থেকে বলা হয়, "আজ বাংলাদেশের মহান সংসদ কলঙ্কিত হলো। ইতিহাসে ন্যক্কারজনক অধ্যায়ের সৃষ্টি হলো। তথাকথিত নির্বাচনের মধ্যে দিয়ে গঠিত সংসদ গণতান্ত্রিক সংস্কৃতি ও মূল্যবোধের প্রতি কোনো ভ্রূক্ষেপ না করে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে নেতৃত্বদানকারী ঐতিহ্যবাহী রাজনৈতিক দল বাংলাদেশ আওয়ামী লীগ নিষিদ্ধের বিল পাস করেছে। আমরা এই ন্যক্কারজনক ঘটনায় গভীর উদ্বেগ, তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।„ গতকাল বুধবার অফিসিয়াল ফেসবুক পেজে প্রকাশ করা বিবৃতি অনুযায়ী আওয়ামী লীগ মনে করে, "এই ধরনের সিদ্ধান্ত কেবল একটি রাজনৈতিক দলকে লক্ষ্য করে নেওয়া পদক্ষেপ নয়, বরং এটি দেশের গণতান্ত্রিক চর্চা, সুষ্ঠু রাজনৈতিক ব্যবস্থা এবং জনগণের মৌলিক অধিকারের উপর সরাসরি আঘাত। ইতিহাস, ঐতিহ্য ও সংগ্রামের পথ বেয়ে গড়ে ওঠা গণমানুষের রাজনৈতিক প্রতিষ্ঠানকে নিষিদ্ধ করার উদ্যোগ, গণতন্ত্রের মূল চেতনাকেই প্রশ্নবিদ্ধ করে এবং রাষ্ট্রকে একদলীয় বা স্বৈরতান্ত্রিক ধারার দিকে ঠেলে দেয়।„ এই বিল "দেশের জনগণ কোনোভাবেই মেনে নেবে না„ বলেও দলটির পক্ষ থেকে দাবি করা হয়।

### `আওয়ামী লীগের মতো দলকে `নিষিদ্ধ' করে বহুদলীয় গণতন্ত্র কীভাবে সম্ভব?'

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. ফরিদ উদ্দিন আহমেদ মনে করেন, জাতীয় সংশোধনে পাস হওয়া সংশোধনী বিলে দুটি দিক আছে- "যারা অভ্যুত্থানের সময় আসলেই অপরাধে জড়িত হয়েছে, তাদের বিচার করা। কিন্তু আরো অনেকের বিরুদ্ধে মামলা হয়েছে, যারা আসলে অপরাধে জড়িত না। এটা আপনিও জানেন, আমি জানি, সবাই জানে। সরকারের ওপর হয়ত নানা চাপ আছে। সংসদে বিরোধী দল জামায়াত আছে। সেই কারণে হয়তবা সরকার সংসদে আগের আদেশটি আইনে রূপান্তর করেছে।„ ডয়চে ভেলেকে তিনি আরো বলেন, "আমার মনে হয়, দল হিসাবে আওয়ামী লীগকে নিষিদ্ধের কোনো উদ্যোগ নেওয়া ঠিক হবে না। এটা সম্ভবও হবে না। ব্যক্তির বিচার হতে পারে। কিন্তু আদর্শকে নিষিদ্ধ করা যায় না। জামায়াতকেও তো নিষিদ্ধ করা হয়েছিল। কিন্তু টেকেনি।„ অধ্যাপক ড. ফরিদ উদ্দিন আহমেদের প্রশ্ন, "যে বহুদলীয় গণতন্ত্রের কথা বলা হচ্ছে, আওয়ামী লীগের মতো একটি বড়ো দলকে নিষিদ্ধ করে, সেটা কীভাবে সম্ভব?„ তিনি মনে করেন, "এর দুই ধরনের প্রতিক্রিয়া হতে পারে- এই সময়ে আওয়ামী লীগ ভিতরে ভিতরে তার দল গোছাতে পারে, আবার আন্ডার গ্রাউন্ড তৎপরতাও বেড়ে যেতে পারে।„

### `রাজনৈতিক কর্মকাণ্ড থেকে বিরত রাখা গণতান্ত্রিক প্রক্রিয়া নয়'

সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার মাহবুব শফিক ডয়চে ভেলেকে বলেন, "কোনো একটি পলিটিক্যাল পার্টি তার কার্যক্রম করবে, কী করবে না, সেটা কোনো এক্সিকিউটিভ অর্ডার বা আইন দিয়ে নির্ধারণ করা ঠিক না। জনগণ যদি ভোটের মাধ্যমে কোনো দলকে প্রত্যাখ্যান করে, তাহলে প্রত্যাখ্যান হয়ে যাবে। আর রাজনৈতিক কর্মকাণ্ড থেকে বাদ দেওয়া বা বিরত রাখা কোনো গণতান্ত্রিক প্রক্রিয়া নয়। এটা কোনো গণতান্ত্রিক ভাবাপন্ন মানুষের কাজ নয়। আমাদের সংবিধানে যে ধারা আছে, `রাইট টু অ্যাসোসিয়েশন', `ফর্ম পলিটিক্যাল পার্টি', `এক্সপ্রেস পলিটিক্যাল ভিউজ'- এসবের সাথে একদমই সাংঘর্ষিক।" আমাদের আইসিটি আইনে কিন্তু কোনো রাজনৈতিক দলের বিচারের বিধান ছিল না„- এ কথা স্মরণ করিয়ে তিনি বলেন, "এখন যদি সংশোধনী এনে সেটা করা হয়, তা-ও ঠিক হবে না। কারণ, যখন ঘটনাটি ঘটেছে, তখন তো ওই আইনটি ছিল না। একটি নির্দিষ্ট বিষয়কে চিন্তা করে অতীতের ঘটনায় ভবিষ্যতে আইন করে রেট্রোস্পেটিভ ইফেক্ট দেওয়া ঠিক নয়। কোনো ব্যক্তির অপরাধের বিচারের তো বিধান আছে, কিন্তু ব্যক্তির অপরাধের জন্য তো দলকে নিষিদ্ধ করা যায় না। নাৎসি বাহিনীর ক্ষেত্রে যেটা ঘটেছিল, সেই অবস্থা তো এখানে হয় নাই, ভবিষ্যতেও হবে না।„ তার মতে, আইন করে কার্যক্রম নিষিদ্ধ করলেও, কোনো দল বা আদর্শ আসলে নিষ্ক্রিয় হয় না, "কোনো আদর্শিক রাজনৈতিক দলকে নিষিদ্ধ করলে, অতীতে দেখা গেছে, তারা আন্ডারগ্রাউন্ডে গিয়ে দ্বিগুণ শক্তি নিয়ে ফিরে আসে।„

**আওয়ামী লীগ তো আছে, শুধু কার্যক্রম নিষিদ্ধ করা হয়েছে'**

বিষয়টি নিয়ে বিএনপির ভাইস চেয়ারম্যান ড. আসাদুজ্জামান রিপনের সঙ্গেও কথা হয়েছে। ডয়চে ভেলেকে তিনি বলেন, "অন্তর্বর্তী সরকারের আদেশ বা অধ্যাদেশের ধারাবাহিকতার প্রয়োজন পড়ে কখনও কখনও সেই ধারাবাহিকতা রক্ষা করতেই আওয়ামী লীগের কার্যক্রম নিষিদ্ধ করার আদেশ সংসদে পাস হয়েছে। সন্ত্রাস দমন আইন পাস হয়েছে। তবে আওয়ামী লীগকে তো নিষিদ্ধ করা হয়নি। দল হিসাবে তো তারা আছে। কিন্তু তারা কার্যক্রম চালাতে পারবে না। জামায়াতকে যেভাবে দল হিসাবে নিষিদ্ধ করা হয়েছিল, আওয়ামী লীগের ক্ষেত্রে তো সেটা করা হয়নি। এর টার্গেট আওয়ামী লীগকে নিষিদ্ধ করা নয়। আমার মনে হয় না যে, এর মাধ্যমে দল হিসাবে আওয়ামী লীগকে নিষিদ্ধ করা হবে।„ "এই প্রক্রিয়ায় আওয়ামী লীগের মতো একটি দল আন্ডারগ্রাউন্ডে চলে যাবে„- এমনটিও তিনি মনে করেন না। বিএনপির এই অভিজ্ঞ রাজনীতিবিদের মতে, "আওয়ামী লীগের যে রাজনৈতিক ধারা, তারা সেরকম দল নয়। আর তাদের দল তো আছে, শুধু কার্যক্রম নিষিদ্ধ করা হয়েছে।„

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ রুনাইয়া)

## আবু সাঈদ হত্যা মামলায় দুইজনের মৃত্যুদণ্ড

জুলাই গণ-অভ্যুত্থানের প্রথম শহিদ রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদ হত্যায় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় দুইজনকে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে। মৃত্যুদণ্ডপ্রাপ্ত দুইজন হলেন- পুলিশের সাবেক সহকারী উপ-পরিদর্শক (এএসআই) আমির হোসেন এবং সাবেক কনস্টেবল সুজন চন্দ্র রায়। দুইজনই গ্রেফতার আছেন। বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ আজ বৃহস্পতিবার এই রায় ঘোষণা করেন। এই ট্রাইব্যুনালের অপর দুই সদস্য হলেন- বিচারক মো. মঞ্জুরুল বাছিদ ও বিচারক নূর মোহাম্মদ শাহরিয়ার কবীর। বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য মো. হাসিবুর রশীদসহ এ মামলার আসামি মোট ৩০ জন। এর মধ্যে ছয়জন গ্রেফতার আছেন। তারা হলেন- বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রক্টর শরিফুল ইসলাম, সাবেক সহকারী রেজিস্ট্রার রাফিউল হাসান রাসেল, রেজিস্ট্রার কার্যালয়ের সাবেক চুক্তিভিত্তিক কর্মচারী মো.আনোয়ার পারভেজ, পুলিশের সাবেক সহকারী উপ-পরিদর্শক (এএসআই) আমির হোসেন, সাবেক কনস্টেবল সুজন চন্দ্র রায় এবং নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগ নেতা ইমরান চৌধুরী ওরফে আকাশ। তাদের আজ ট্রাইব্যুনালে আনা হয়েছে। বিশ্ববিদ্যালয়টির সাবেক উপাচার্য মো. হাসিবুর রশীদসহ এ মামলার ২৪ আসামি পলাতক আছেন।

পলাতক আসামির মধ্যে রয়েছেন- রোকেয়া বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের সাবেক সহযোগী অধ্যাপক মো. মশিউর রহমান, লোকপ্রশাসন বিভাগের সাবেক সহযোগী অধ্যাপক আসাদুজ্জামান মন্ডল, সাবেক সহকারী রেজিস্ট্রার মো. হাফিজুর রহমান, সাবেক সেকশন অফিসার মো. মনিরুজ্জামান পলাশ, বিশ্ববিদ্যালয়টির সাবেক এমএলএসএস মোহাম্মদ নুরুন্নবী মন্ডল, সাবেক এমএলএসএস এ কে এম আমির হোসেন, সাবেক নিরাপত্তা প্রহরী নুর আলম মিয়া এবং সাবেক অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর মো. মাহাবুবার রহমান। রংপুর মহানগর পুলিশের (আরপিএমপি) সাবেক কমিশনার মো. মনিরুজ্জামান, আরপিএমপির সাবেক উপ-কমিশনার মো. আবু মারুফ হোসেন, সাবেক অতিরিক্ত উপ-কমিশনার মো. শাহ নূর আলম পাটোয়ারী, সাবেক সহকারী কমিশনার মো. আরিফুজ্জামান, সাবেক পরিদর্শক (নিরস্ত্র) রবিউল ইসলাম ও সাবেক এসআই (নিরস্ত্র) বিভূতিভূষণ রায়ও পলাতক রয়েছেন। আবু সাঈদ হত্যা মামলার আসামি চিকিৎসক মো. সরোয়ার হোসেন (চন্দন)-ও পলাতক। এ ছাড়া রোকেয়া বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সভাপতি পোমেল বড়ুয়া, বিশ্ববিদ্যালয়টির সাধারণ সম্পাদক মো. মাহাফুজুর রহমান, সহ-সভাপতি মো.

ফজলে রাব্বি, সহ-সভাপতি মো. আখতার হোসেন, সাংগঠনিক সম্পাদক সেজান আহম্মেদ, সাংগঠনিক সম্পাদক ধনঞ্জয় কুমার, দপ্তর সম্পাদক বাবুল হোসেন এবং যুগ্ম সাধারণ সম্পাদক মো. মাসুদুল হাসান এ মামলার পলাতক আসামি।

২০২৪ সালের ১৬ জুলাই রংপুরে বৈষম্যবিরোধী ছাত্র-আন্দোলনে রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী আবু সাঈদ গুলিবিদ্ধ হয়ে নিহত হন। তাকে হত্যার ভিডিও সারা দেশে তোলপাড় সৃষ্টি করে। ভিডিওতে দেখা যায়, আবু সাঈদ দুই হাত প্রসারিত করে সড়কের ওপর দাঁড়িয়ে আছেন আর পুলিশ তার বুকে একের পর এক গুলি করছে। এ হত্যাকাণ্ড আন্দোলনের মোড় ঘুরিয়ে দেয় এবং সারা দেশে ক্ষোভ ছড়িয়ে পড়ে। মানবতাবিরোধী অপরাধের এ মামলায় গত বছরের ২৪ জুন ৩০ জনকে আসামি করে তদন্ত প্রতিবেদন দাখিল করে ট্রাইব্যুনালের তদন্ত সংস্থা। পরে ৬ আগস্ট আনুষ্ঠানিক অভিযোগ গঠন করেন ট্রাইব্যুনাল। ২৭ আগস্ট সূচনা বক্তব্য উপস্থাপনের মাধ্যমে এই মামলার আনুষ্ঠানিক বিচার শুরু হয়। পরদিন আবু সাঈদের বাবা মকবুল হোসেন এ মামলার প্রথম সাক্ষী হিসেবে জবানবন্দি দেন। চলতি বছরের ১৪ জানুয়ারি এ মামলার সাক্ষ্যগ্রহণ শেষ হয়। যুক্তিতর্ক শেষ হয় গত ২৭ জানুয়ারি।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ রুবাইয়া)

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে জাকসুর সেমিনার স্থগিত

বৃহস্পতিবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদের (জাকসু) উদ্যোগে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল `গণভোট অস্বীকার ও অধ্যাদেশ বাতিলের রাজনীতি: সংসদীয় স্বৈরতন্ত্রে প্রবেশ এবং সংকটের পথে দেশ, শীর্ষক একটি সেমিনার। বুধবার রাতে জাকসুর সামাজিক মাধ্যমে জানানো হয়েছে, এই সেমিনার আপাতত স্থগিত থাকবে। পোস্টে জানানো হয়, ”ফলপ্রসূ আয়োজনের স্বার্থে সেমিনারটি স্থগিত করা হয়েছে। পরিবর্তিত তারিখ শিগ্গিরই জানানো হবে।„ বৃহস্পতিবার বেলা ৩টায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনে এই সেমিনারটি হওয়ার কথা ছিল। বুধবার জাকসুর সাধারণ সম্পাদক মাজহারুল ইসলাম সামাজিক মাধ্যমে সেমিনারের প্রচার শুরু করায়, সহ-সভাপতি আবদুর রশিদ জিতু অভিযোগ করেন, বিষয়টি সম্পর্কে তিনি অবগত নন। তিনি এও জানান, কোনো আনুষ্ঠানিক সভা করে এমন সিদ্ধান্ত নেওয়া হয়নি। তার সামাজিক মাধ্যমে তিনি লেখেন, বিষয়বস্তু নির্ধারণ, অতিথি নির্বাচন, বাজেট ও সময়সূচি- কোনো ক্ষেত্রেই জাকসুর সদস্যদের সঙ্গে ন্যূনতম আলোচনা করা হয়নি। এরপর বিষয়টি নিয়ে পাল্টা অভিযোগ করেন জাকসুর সাধারণ সম্পাদক ও সমাজসেবা সম্পাদক আহসান লাবিব। ভিপির অভিযোগ অস্বীকার করে তারা জানান, সেমিনারের বিষয়ে জাকসুর ভিপির সঙ্গে পরামর্শ করা হয়েছিল এবং তিনি সম্মতি দিয়েছিলেন। তাদের পাল্টা অভিযোগ, ভিপিকে অতিথিদের খসড়া দেখানোর জন্য ফোনে বারবার যোগাযোগ করা হলেও, তিনি সাড়া দেননি। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## প্রধানমন্ত্রীর সঙ্গে অস্ট্রেলিয়ার পার্লামেন্ট প্রতিনিধিদলের সাক্ষাৎ

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন অস্ট্রেলিয়ার পার্লামেন্টের একটি প্রতিনিধিদল। বৃহস্পতিবার বিকেল ৩টায় জাতীয় সংসদ সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। সাক্ষাতে নেতৃত্ব দেন অস্ট্রেলিয়ার পার্লামেন্টের হাউজ অব রিপ্রেজেন্টেটিভের স্পিকার মিল্টন ডিক। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি-১ জাহিদুল ইসলাম রনি এ তথ্য নিশ্চিত করেছেন। সাক্ষাতে বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার পারস্পরিক সম্পর্ক, দ্বিপক্ষীয় সহযোগিতা এবং বিভিন্ন স্বার্থসংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা হয়েছে বলে জানা গেছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৪.২০২৬ আসাদ)

## সুপ্রিম কোর্টের বিচারক নিয়োগ ও সুপ্রিম কোর্ট সচিবালয় রহিতসহ ১২ বিল পাস

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের ১২তম দিনে সুপ্রিম কোর্টের বিচারক নিয়োগ ও সুপ্রিম কোর্ট সচিবালয় রহিতসহ ১২টি বিল পাস হয়েছে। বৃহস্পতিবার বিলগুলো সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী ও মন্ত্রীর পক্ষে প্রতিমন্ত্রী উত্থাপন করেন। এর মধ্যে অন্তর্বর্তী সরকারের জারি করা অধ্যাদেশগুলো অবিকল রেখে ৯টি বিল সংসদে পাস হয়। অধ্যাদেশ রহিত করে পাস করা হয়েছে আরও দুটি বিল। এছাড়া, `জাতীয় মানবাধিকার কমিশন (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪, রহিত করে ২০০৯ সালের `জাতীয় মানবাধিকার কমিশন আইন, পুনঃপ্রচলন করে আনা `জাতীয় মানবাধিকার কমিশন বিল, ২০২৬, পাস করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৪.২০২৬ আসাদ)

## পাম্পে থাকছেন না `ট্যাগ অফিসার,, তেল বিতরণে বিশৃঙ্খলা

জ্বালানি সরবরাহ স্বাভাবিক রাখা ও ভোক্তা পর্যায়ে শৃঙ্খলা নিশ্চিতে তেলের পাম্পে ট্যাগ অফিসার নিয়োগ দিয়েছে সরকার। চট্টগ্রাম মহানগরে ৬২ জন ট্যাগ অফিসার নিয়োগ দিলেও, তাদের উপস্থিতির প্রমাণ মিলছে না অধিকাংশ পাম্পে। ফলে পাম্পে চলছে আগের মতোই বিশৃঙ্খলা। বৃহস্পতিবার নগরীর বিভিন্ন ফিলিং স্টেশন ঘুরে এ চিত্র দেখা যায়। এর আগে, মঙ্গল ও বুধবার নগরের নতুন ব্রিজ, বহদ্দারহাট, মুরাদপুর, পাঁচলাইশ, অক্সিজেন, ডবলমুরিং,

নাসিরাবাদ, গণি বেকারি মোড়সহ বিভিন্ন এলাকার একাধিক পেট্রোল পাম্প ঘুরেও দেখা যায় একই চিত্র। কোথাও দায়িত্বপ্রাপ্ত ট্যাগ অফিসারের উপস্থিতি পাওয়া যায়নি। কোনো পাম্পে হাজিরা দিয়ে চলে গেছেন, কোনো পাম্পে একেবারেই অনুপস্থিত ছিলেন। অধিকাংশ পাম্পে বিক্রয় কার্যক্রমে কোনো দৃশ্যমান তদারকি চোখে পড়েনি। ফলে আগের মতোই বিশৃঙ্খলার মধ্যদিয়ে বিতরণ করা হচ্ছে তেল। পরে কথা বলে জানা যায়, বিক্রয় কার্যক্রম উদ্‌বোধন করে দায়িত্বপ্রাপ্ত অফিসাররা চলে গেছেন। আবার কেউ অসুস্থতা, কেউ কাজের বাহানা দিয়ে তেল দেওয়া শুরু করে দিয়ে চলে গেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৪.২০২৬ আসাদ)

## তেলের অজুহাতে বেনাপোলে ট্রাকভাড়া বেড়েছে ৬ হাজার

বিশ্ব পরিস্থিতিতে দেশব্যাপী জ্বালানি তেল সংকটে বেনাপোল স্থলবন্দরে আমদানি-রপ্তানির পণ্য পরিবহণ ব্যাহত হচ্ছে। দেশের অভ্যন্তরের পণ্য পরিবহণে গুণতে হচ্ছে বাড়তি ভাড়া। গন্তব্য অনুযায়ী, ভাড়া বেড়েছে ৫-৬ হাজার টাকা পর্যন্ত। সবচেয়ে বেশি ভাড়া বেড়েছে ঢাকা, চট্টগ্রাম ও সিলেট রুটে। ফলে বাণিজ্যসহ বিভিন্ন ক্ষেত্রে অচলাবস্থার সৃষ্টি হচ্ছে। পরিবহণ খরচ বেড়ে যাওয়ায় জিনিসপত্রের দামও বেড়ে যেতে পারে বলে আশঙ্কা করছেন ব্যবসায়ীরা। খোঁজ নিয়ে জানা গেছে, বেনাপোল থেকে ঢাকায় আগে ট্রাকভাড়া ছিল ২২ থেকে ২৩ হাজার টাকা। গত ২ এপ্রিল থেকে সেই ভাড়া নেওয়া হচ্ছে ২৮ থেকে ৩০ হাজার টাকা। চট্টগ্রাম রুটে ১৫ টন পণ্য পরিবহণে আগে গুনতে হতো ৩০-৩৫ হাজার টাকা ভাড়া। এখন সেখানে গুনতে হচ্ছে ৪০-৪২ হাজার টাকা পর্যন্ত। এতে করে বিপাকে পড়েছেন ব্যবসায়ীরা। ব্যবসায়ীরা বলছেন, ট্রাকভাড়া বেড়ে যাওয়ায় উৎপাদিত পণ্যের দামও বেড়ে যাবে। তেলের পাশাপাশি ট্রাক সংকটেও অনেকে আমদানিকৃত পণ্য খালাস করতে পারছেন না। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৪.২০২৬ আসাদ)

## ঢাকার দুই পেট্রোল পাম্পে পরীক্ষামূলক চালু হচ্ছে অ্যাপে তেল বিক্রি

শৃঙ্খলা আনতে রাজধানীর দুটি পেট্রোল পাম্পে পরীক্ষামূলকভাবে `ফুয়েল পাস, অ্যাপের মাধ্যমে জ্বালানি তেল বিক্রি শুরু হচ্ছে। বৃহস্পতিবার সচিবালয়ে সার্বিক জ্বালানি পরিস্থিতি নিয়ে সংবাদ সম্মেলনে জ্বালানি ও খনিজসম্পদ বিভাগের মুখপাত্র ও যুগ্ম সচিব মনির হোসেন চৌধুরী এ তথ্য জানান। তিনি বলেন, পরীক্ষামূলকভাবে আমরা দুটি ফিলিং স্টেশনে কাজ শুরু করেছি- একটি আসাদগেটের সোনার বাংলা, আরেকটি তেজগাঁওয়ের ট্রাস্ট ফিলিং স্টেশন। এরই মধ্যে প্রচুর সাড়া পাওয়া যাচ্ছে, অনেকেই রেজিস্ট্রেশন করছেন। আমার মনে হয়, রেজিস্ট্রেশনকারীর সংখ্যা ১০ হাজার অতিক্রম করেছে। যুগ্ম সচিব বলেন, তবে এই কাজটা একটু সময়সাপেক্ষ। আমরা মোটরসাইকেলে ফোকাস করে দুটি ফিলিং স্টেশনে কাজটি শুরু করেছি। আশা করি, ধীরে ধীরে ঢাকা শহর পুরোটা কাভার করতে পারবো। এরপর হয়ত আমরা এটি দেশব্যাপী রেপ্লিকেট করার চেষ্টা করবো। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৪.২০২৬ আসাদ)

## ডিজিএফআই পরিচয়ে প্রতারণা, সতর্ক থাকার আহ্বান আইএসপিআরের

বাংলাদেশ সেনাবাহিনী ও ডিজিএফআইয়ের ব্রিগেডিয়ার জেনারেল ও লেফটেন্যান্ট কর্নেলসহ বিভিন্ন পদমর্যাদার সামরিক কর্মকর্তার পরিচয়ে প্রতারণার চেষ্টার অভিযোগ উঠেছে। এসব ভুয়া পরিচয়ে প্রতারণার বিষয়ে সতর্ক থাকার অনুরোধ জানিয়েছে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)। বৃহস্পতিবার এক বিজ্ঞপ্তিতে আইএসপিআর জানায়, ইদানীং পরিলক্ষিত হচ্ছে, এক প্রতারক চক্র বাংলাদেশ সেনাবাহিনী ও ডিজিএফআইয়ের ব্রিগেডিয়ার জেনারেল ও লেফটেন্যান্ট কর্নেলসহ বিভিন্ন পদমর্যাদার সামরিক কর্মকর্তার ভুয়া পরিচয় দিয়ে সাধারণ জনগণকে মোবাইল ফোনের মাধ্যমে বিভিন্নভাবে ভয়ভীতি প্রদর্শন করছে। এ ক্ষেত্রে তারা সেনাবাহিনীর বিভিন্ন ওয়েবসাইট থেকে ইউনিফর্ম পরিহিত সেনা কর্মকর্তাদের ছবি সংগ্রহ করে হোয়াটসঅ্যাপের প্রোফাইলে ব্যবহার করে বিশ্বাস অর্জনের মাধ্যমে প্রতারণামূলক কার্যক্রম পরিচালনার অপচেষ্টা চালাচ্ছে। সবার অবগতির জন্য জানানো যাচ্ছে, বাংলাদেশ সেনাবাহিনী বা কোনো গোয়েন্দা সংস্থার পক্ষ থেকে ব্যক্তিগতভাবে এ ধরনের কোনো যোগাযোগ করা হয় না। যদি কোনো ব্যক্তি সেনাবাহিনীর উচ্চপদস্থ কর্মকর্তা পরিচয়ে ফোন বা বার্তার মাধ্যমে ভয়ভীতি প্রদর্শন করে অথবা অসদুপায়ে কোনো সুবিধা আদায়ের চেষ্টা করে, তাহলে তাৎক্ষণিক ওই ব্যক্তির মোবাইল নম্বরসহ নিকটস্থ আইন-শৃঙ্খলা বাহিনীকে অবহিত করতে অনুরোধ করেছে আইএসপিআর। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ আসাদ)

## বৈশাখি শোভাযাত্রায় মুখোশ পরে অংশ নেওয়া যাবে না : স্বরাষ্ট্র মন্ত্রণালয়

বাংলা নববর্ষ ১৪৩৩ উদ্‌যাপন শান্তিপূর্ণ ও নির্বিঘ্ন করতে আইন-শৃঙ্খলা রক্ষা ও সার্বিক নিরাপত্তা নিশ্চিতে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী, বৈশাখি শোভাযাত্রার নিরাপত্তা নিশ্চিতে এতে অংশগ্রহণকারীরা মুখোশ পরতে পারবেন না। মুখোশ হাতে বহন করা যাবে। প্রদর্শনীর জন্য তৈরি মুখোশ এমনভাবে প্রদর্শন করা যাবে না, যাতে মুখ ঢেকে থাকে। বৃহস্পতিবার স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে এ-সংক্রান্ত একটি কার্যপত্র জারি করে এ তথ্য জানানো হয়। সিদ্ধান্ত অনুযায়ী, শোভাযাত্রায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিদের শোভাযাত্রা শুরুর পর, যাতে আর কেউ এতে প্রবেশ না করেন। শোভাযাত্রায় ইংরেজি বা ভিন্ন ভাষার বা ভিন্ন উদ্দেশ্যে প্ল্যাকার্ড প্রদর্শন করা যাবে না। এতে অংশ নেওয়া বিদেশি নাগরিকদের নিরাপত্তা জোরদার করতে হবে। এছাড়া, পহেলা বৈশাখ উপলক্ষ্যে

রাজধানীর গুরুত্বপূর্ণ স্থানগুলোতে আয়োজিত সব অনুষ্ঠান সন্ধ্যা ৬টার মধ্যে শেষ করার নির্দেশ দিয়েছে মন্ত্রণালয়। সেই সঙ্গে বাংলা একাডেমি প্রাঙ্গণে নববর্ষের সব অনুষ্ঠানের নিরাপত্তা দিতে বলা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ আসাদ)

## মজুত করা ১ লাখ ৪২ হাজার লিটার ভোজ্যতেল জব্দ, ৬ লাখ টাকা জরিমানা

ভোজ্যতেলের কৃত্রিম সংকট রোধে দেশব্যাপী অভিযান চালিয়ে ১ লাখ ৪২ হাজার ১৭৩ লিটার ভোজ্যতেলের অস্বাভাবিক মজুত শনাক্ত করেছে র্যাব। অভিযানে বিভিন্ন অপরাধে জড়িতদের বিরুদ্ধে ৬ লাখ ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। বৃহস্পতিবার র্যাবের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক উইং কমান্ডার এম জেড এম ইন্তেখাব চৌধুরী এ তথ্য জানান। তিনি বলেন, দেশের বিভিন্ন জেলায় পরিচালিত সমন্বিত অভিযানে মোট ৯টি ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। এসব অভিযানে ১ লাখ ৪২ হাজার ১৭৩ লিটার ভোজ্যতেলের অস্বাভাবিক মজুত শনাক্ত করা হয়। এসময় বিভিন্ন অপরাধে জড়িতদের বিরুদ্ধে ৬ লাখ ২০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ আসাদ)

## ডিজিটাল সিকিউরিটি অ্যাক্ট পুনর্মূল্যায়ন করা হবে : তথ্যমন্ত্রী

তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন বলেছেন, ডিজিটাল সিকিউরিটি অ্যাক্ট পুনর্মূল্যায়নের উদ্যোগ নেওয়া হচ্ছে এবং সরকার সবার জন্য নিরাপত্তা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। বৃহস্পতিবার রাজধানীর ইআরএফ কার্যালয়ে `নাগরিক প্ল্যাটফর্ম ও ইআরএফের সমঝোতা স্মারক স্বাক্ষর এবং বাংলাদেশ রিফর্ম ট্র্যাকার ও গণমাধ্যমের প্রাসঙ্গিকতা, শীর্ষক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি। তথ্যমন্ত্রী বলেন, ডিজিটাল সিকিউরিটি অ্যাক্টকে আমরা পুনর্মূল্যায়ন করতে চাচ্ছি, সবার জন্য নিরাপত্তা বিধান প্রতিশ্রুতি ঘোষণা করেছি, মিডিয়া রিফরমস কমিশনকে ব্রিটিশ অফকম সিস্টেমের আদলে পুনর্গঠনের চিন্তা চলছে, হত্যা, মিথ্যা মামলা, গুমসহ সব ধরনের নির্যাতিত সাংবাদিকদের জন্য ন্যায্য প্রতিকারের ফ্রেমওয়ার্কের মধ্যে আনতে চাচ্ছি, অবসরপ্রাপ্ত সাংবাদিকদের অন্য ভাতা সিস্টেম চালু করতে চাচ্ছি। তিনি বলেন, বড়ো বড়ো অপরাধ করার জন্য বয়ান তৈরি করা হচ্ছে। বয়ানের কারণে সেই অপরাধ জাস্টিফাই হচ্ছে। পৃথিবীর বড়ো বড়ো রাষ্ট্রনায়করা গণমাধ্যম ও ডিজিটালাইজেশনের মাধ্যম কাজে লাগিয়ে অন্যরকম পরিবেশ তৈরি করেছেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ আসাদ)

## সবার আগে বাংলাদেশ, নীতিতে কূটনীতিতে বড় রদবদল, নতুন উইং গঠন

বাংলাদেশের স্বার্থকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে, `সবার আগে বাংলাদেশ, নীতির বাস্তবায়নে কূটনৈতিক কার্যক্রম আরও গতিশীল ও ফলপ্রসূ করতে বড়ো ধরনের উদ্যোগ নিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। এ লক্ষ্য অর্জনে মন্ত্রণালয়ের কাঠামোতে সম্প্রসারণ, নতুন উইং সংযোজন এবং পুনর্বিন্যাসের সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, বাংলাদেশি নাগরিকদের স্বার্থ সুরক্ষাকে কেন্দ্র করে অভিবাসন ও প্রবাসী কল্যাণ, সাংস্কৃতিক ও ক্রীড়া, কূটনীতি, জলবায়ু ও পরিবেশ, আন্তঃসীমান্ত পানিসম্পদ ব্যবস্থাপনা এবং আন্তর্জাতিক নিরাপত্তা- এই বিষয়গুলোতে সমন্বিত ও সময়োপযোগী পদক্ষেপ বাস্তবায়নের লক্ষ্যে দ্রুত কার্যক্রম সম্প্রসারণের উদ্যোগ নেওয়া হয়েছে। একইসঙ্গে মন্ত্রণালয়ের সক্ষমতা বাড়ানোর লক্ষ্য অর্জনে কার্যক্রমের পরিধি বাড়ানোর পাশাপাশি, নতুন উইং সংযোজন ও পুনর্বিন্যাসের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ আসাদ)

## সংসদের সাউন্ড সিস্টেম মেরামত ও রক্ষণাবেক্ষণে অর্থ লুটপাট, তদন্তে দুদক

জাতীয় সংসদ ভবনের প্ল্যানারি হলে স্থাপিত সাউন্ড সিস্টেম পরিচালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণের নামে শত শত কোটি টাকা আত্মসাৎ ও বিদেশে পাচারের অভিযোগ উঠেছে। সেই অভিযোগের পরিপ্রেক্ষিতে অনুসন্ধান শুরু করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। বৃহস্পতিবার (৯ এপ্রিল) দুদকের উপ-পরিচালক মো. আকতারুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন। কমিউনিকেশন টেকনোলজি লিমিটেডের সিইও জাহিদুর রহিম জোয়ারদারসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির অভিযোগ রয়েছে। তিনি সাবেক চিফ হুইপ নূর-ই-আলম চৌধুরীর (লিটন চৌধুরী) ক্যাশিয়ার এবং সাবেক স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেকের ভায়রা। দুদকের উপ-পরিচালক মো. আকতারুল ইসলাম বলেন, অভিযোগ অনুসন্ধানের সিদ্ধান্ত নেওয়ার পর, দুদকের প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক প্রবীর কুমার দাসকে তদন্ত কর্মকর্তা হিসেবে নিয়োগ দেওয়া হয়। এরই মধ্যে অভিযোগ অনুসন্ধানে সংশ্লিষ্ট দপ্তরে রেকর্ডপত্র চেয়ে চিঠি দেওয়া হয়েছে। রেকর্ডপত্র সংগ্রহ করার পর অনুসন্ধান কর্মকর্তার সুপারিশের আলোকে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৪.২০২৬ রিহাব)

## রপ্তানিতে ভারত সরকারের নিষেধাজ্ঞা প্রত্যাহার চান ব্যবসায়ীরা

ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া স্থলবন্দরে কমেছে রাজস্ব আয়। তবে, রপ্তানি বাণিজ্য চলছে স্বাভাবিক গতিতে। রপ্তানি আয় বাড়াতে বিভিন্ন পণ্যের ওপর দেওয়া ভারত সরকারের নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবি জানিয়েছেন ব্যবসায়ীরা। বন্দর সূত্র

জানায়, ১৯৯৪ সাল থেকে পণ্য আমদানি-রপ্তানি বাণিজ্য চলছে আখাউড়া স্থলবন্দর দিয়ে। হিমায়িত মাছ, রিড, সিমেন্ট, ভোজ্যতেলসহ বেশ কয়েকটি পণ্য রপ্তানি হয় উত্তর-পূর্ব ভারতের রাজ্যগুলোতে। টাকার অঙ্কে যা প্রায় দুই কোটি টাকা। তবে, বিগত অন্তর্বর্তী সরকারের আমলে ভারতের সঙ্গে কূটনৈতিক টানাপড়েনে ক্ষতিগ্রস্ত হয় রপ্তানি বাণিজ্য। গত বছরের মে মাসে স্থলবন্দর দিয়ে প্লাস্টিক ফার্নিচার, প্রক্রিয়াজাত খাবার, ফল ও ফলের স্বাদযুক্ত জুস এবং তুলার মতো উচ্চ চাহিদাসম্পন্ন কয়েকটি পণ্য আমদানির ওপর নিষেধাজ্ঞা দেয় ভারত সরকার। মূলত, আখাউড়া স্থলবন্দরের রপ্তানি আয়ের প্রায় অর্ধেকই নির্ভর করে এসব পণ্যের ওপর। এই নিষেধাজ্ঞার কারণে ব্যবসায়ীরা যেমন ক্ষতিগ্রস্ত হন, তেমনি সরকার বঞ্চিত হয় বৈদেশিক মুদ্রা অর্জন থেকে। তবে নির্বাচিত সরকার ক্ষমতায় আসার পর ভারতের সঙ্গে কূটনৈতিক টানাপড়েন অনেকটাই কমেছে। এর ফলে আখাউড়া স্থলবন্দর দিয়ে পণ্য রপ্তানিও বেড়েছে। বর্তমানে হিমায়িত মাছ, আটা-ময়দা ও শুঁটকি রপ্তানি হচ্ছে বেশি। এ অবস্থায় রপ্তানি বাণিজ্য বাড়াতে ভারত সরকারের সঙ্গে আলোচনার মাধ্যমে নিষেধাজ্ঞা প্রত্যাহারে ব্যবস্থা নেওয়ার দাবি ব্যবসায়ীদের। পাশাপাশি, বন্দরের রাজস্ব বাড়াতে সব ধরনের পণ্য আমদানির অনুমতি চান তারা।(জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৪.২০২৬ আসাদ)

## জ্বালানি সংকটে মিলছে না ট্রাক, জমছে পণ্যের স্তূপ

চলমান বৈশ্বিক জ্বালানি সংকটের নেতিবাচক প্রভাব পড়েছে সাতক্ষীরার ভোমরা স্থলবন্দরের আমদানি-রপ্তানি খাতে। ডিজেল সংকটের কারণে এ বন্দর থেকে পণ্য পরিবহণে নিয়োজিত ট্রাকের সংখ্যা উল্লেখযোগ্য হারে কমে গেছে। একইসঙ্গে সংকটকে পুঁজি করে ট্রাকপ্রতি ভাড়া বেড়েছে ২-৩ হাজার টাকা। জ্বালানি তেলের এ অস্থিরতায় আমদানি করা কাঁচামাল সময়মতো গন্তব্যে পৌঁছাতে পারছে না। সেইসঙ্গে পরিবহণ খরচ বেড়ে যাওয়ায় দিশাহারা হয়ে পড়েছেন ব্যবসায়ীরা। ফলে বন্দরে আগের তুলনায় পণ্যবাহী ট্রাকের প্রবেশ কমেছে, যা সামগ্রিক রাজস্ব আদায়েও প্রভাব ফেলার আশঙ্কা তৈরি করেছে। পণ্য পরিবহণের বর্তমান পরিস্থিতি নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন চালকরা।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৪.২০২৬ রিহাব)

## আল্লাহ ভালো জানেন, একাত্তরে কার কী ভূমিকা ছিল, সংসদে জামায়াত আমির

জামায়াতে ইসলামীর আমির ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেছেন, আল্লাহ ভালো জানেন, ৭১ সালের ওই চরম সময়ে কার কী ভূমিকা ছিল। আল্লাহ তার নিখুঁত, পূর্ণাঙ্গ ও একমাত্র সাক্ষী। বাকি আমরা যারা আছি, তারা আংশিক সাক্ষী। কিন্তু আল্লাহ তায়ালাই পূর্ণাঙ্গ সাক্ষী। তিনি বলেন, আমরা চাই, প্রিয় বাংলাদেশ রাজনীতির সুস্থ ধারায় আসুক। জনগণের প্রতি দায় এবং দরদ নিয়ে, দেশের প্রতি ভালোবাসা নিয়ে, এই দেশের প্রত্যেকটি রাজনৈতিক সংগঠন তার কার্যক্রম পরিচালনা করুক। বৃহস্পতিবার (৯ এপ্রিল) জাতীয় সংসদের অধিবেশনে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আহমেদ আযম খান জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল আইন-২০২২ সংশোধনের লক্ষ্যে একটি বিল উত্থাপন করেন। এসময় শফিকুর রহমান তার বক্তব্যে এসব কথা বলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৪.২০২৬ রিহাব)

## সংসদ অধিবেশন থেকে ফের বিরোধীদলের ওয়াকআউট

জাতীয় সংসদে পাস হওয়া কয়েকটি গণবিরোধী বিলের দায় এড়াতে অধিবেশন থেকে ফের ওয়াকআউট করেছে বিরোধীদল। বৃহস্পতিবার (৯ এপ্রিল) সন্ধ্যায় ৫টা ৫৬ মিনিটে সংসদ থেকে ওয়াকআউট করে বিরোধীদলীয় জোট। সংসদে বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেন, ”দুঃখজনক হলেও সত্য, বিরোধী দলের যৌক্তিক বাধা সত্ত্বেও, যে কয়টি গণবিরোধী বিল পাস হয়েছে, তার দায় আমরা নিতে চাই না। তাই সংসদ থেকে ওয়াকআউট করছি।„
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৪.২০২৬ রিহাব)

## রাজনৈতিক মামলা প্রত্যাহারের গণবিজ্ঞপ্তি, আবেদনের সময়সীমা ১৫ এপ্রিল

কক্সবাজার জেলায় রাজনৈতিক প্রতিহিংসা ও হয়রানিমূলক মামলা প্রত্যাহারের আনুষ্ঠানিক প্রক্রিয়া শুরু করেছে জেলা প্রশাসন। সরকারের সিদ্ধান্ত অনুযায়ী, ২০০৯ সালের জানুয়ারি থেকে ২০২৪ সালের ৫ আগস্ট পর্যন্ত দায়েরকৃত রাজনৈতিক মামলাগুলো পর্যালোচনার মাধ্যমে প্রত্যাহারের এই উদ্যোগ নেওয়া হয়েছে। জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক এম এ মান্নান স্বাক্ষরিত এক গণবিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, রাজনৈতিক কারণে দায়েরকৃত হয়রানিমূলক মামলাগুলো প্রত্যাহারে ইতোমধ্যে একটি জেলা কমিটি গঠন করেছে। কক্সবাজার জেলায় যারা এ ধরনের মামলার শিকার হয়েছেন, তাদের চলতি মাসের ১৫ এপ্রিলের মধ্যে প্রয়োজনীয় নথিপত্রসহ আবেদন করতে বলা হয়েছে। আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট মামলার এজাহার এবং চার্জশিটের সার্টিফাইড কপি যুক্ত করে জেলা ম্যাজিস্ট্রেট বরাবর দাখিল করতে হবে। উল্লেখ্য, ৫ এপ্রিল স্বাক্ষর করা গণবিজ্ঞপ্তিটি ৭ এপ্রিল জেলা প্রশাসকের ভেরিফাইড ফেইসবুক পেইজে আপলোড করা হয়। ৮ এপ্রিল রাত থেকে তা সবার নজরে আসে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৪.২০২৬ রিহাব)

## মানবাধিকার অধ্যাদেশ বাতিল করে নতুন বিল পাস

`জাতীয় মানবাধিকার কমিশন (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪, রহিত করে ২০০৯ সালের `জাতীয় মানবাধিকার কমিশন আইন, পুনঃপ্রচলন করে আনা, জাতীয় মানবাধিকার কমিশন (রহিতকরণ ও পুনঃপ্রচলন) বিল-২০২৬ জাতীয় সংসদে পাস হয়েছে। বৃহস্পতিবার (৯ এপ্রিল) জাতীয় সংসদে আইনমন্ত্রী আসাদুজ্জামান মানবাধিকার কমিশনকে শক্তিশালী করতে অন্তর্বর্তী সরকারের জারি করা অধ্যাদেশ বাতিল করে ২০০৯ সালের আইন পুনঃপ্রচলন করতে বিলটি সংসদে উত্থাপন করেন, তা সেভাবেই পাস হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৪.২০২৬ রিহাব)

## এলিভেটেড এক্সপ্রেসওয়েতে প্রাইভেটকার নিয়ন্ত্রণ হারিয়ে তরুণী নিহত

চট্টগ্রামে এলিভেটেড এক্সপ্রেসওয়েতে দ্রুতগতির একটি প্রাইভেটকার নিয়ন্ত্রণ হারিয়ে এক তরুণী নিহত এবং এক তরুণ আহত হয়েছেন। বৃহস্পতিবার (৯ এপ্রিল) দুপুর ২টার দিকে নগরের আগ্রাবাদে বারিক বিল্ডিং গোসাইলডাঙ্গা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত তরুণীর নাম সামিয়া জাহান তানিশা (২০)। তিনি হাজেরা-তজু ডিগ্রি কলেজের অর্থনীতি বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী। তার বাবা মো. আবু তালেব পাটোয়ারী এবং মা নাসিমা সুলতানা। পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, পতেঙ্গা থেকে লালখান বাজারমুখী প্রাইভেটকারটি নিয়ন্ত্রণ হারিয়ে এলিভেটেড এক্সপ্রেসওয়ের প্রাচীরের সঙ্গে ধাক্কা লেগে দুমড়ে যায়। গাড়িটিতে এক তরুণ ও এক তরুণী ছিলেন। দুর্ঘটনার পর স্থানীয় লোকজন তাদের উদ্ধার করে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৪.২০২৬ রিহাব)

## জঙ্গিবাদ দমনে বাংলাদেশ-জাপানের ঘনিষ্ঠতা বাড়ানোর বার্তা

জঙ্গিবাদ ও সন্ত্রাস দমনে বাংলাদেশ-জাপানের মধ্যে সহযোগিতা আরও জোরদারের বার্তা দিয়েছে দুই দেশের সংশ্লিষ্ট সংস্থাগুলোর উচ্চপর্যায়ের বৈঠক। জাপানের কাউন্টার টেরোরিজম ইউনিটের পরিচালক জেনারেল মি. মহোসাকি কাওরু বাংলাদেশ সফরকালে ডিএমপির কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) ইউনিটের প্রধান অতিরিক্ত কমিশনার মাসুদ করিমের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। বৃহস্পতিবার (৯ এপ্রিল) মিন্টো রোডের সিটিটিসি কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয় বলে এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন ডিএমপির উপ-পুলিশ কমিশনার (মিডিয়া) এন এম নাসিরুদ্দিন। তিনি জানান, সাক্ষাৎকালে উভয়পক্ষ সন্ত্রাস ও জঙ্গিবাদ দমনে পারস্পরিক সহযোগিতা জোরদার, তথ্য বিনিময়, সক্ষমতা বৃদ্ধি এবং যৌথ কার্যক্রম সম্প্রসারণের বিভিন্ন দিক নিয়ে ফলপ্রসূ আলোচনা করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৪.২০২৬ রিহাব)

## গণভোটের প্রস্তাব জনগণ বোঝেনি- বিএনপির এমন দাবি ভিত্তিহীন : শিশির মনির

সুপ্রিম কোর্টের জ্যেষ্ঠ আইনজীবী ও জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য মোহাম্মদ শিশির মনির বলেছেন, বাংলাদেশের পূর্ববর্তী গণভোটগুলোতে প্রশ্ন ছিল অস্পষ্ট, অথচ সাম্প্রতিক গণভোটে নির্দিষ্ট প্রস্তাবসহ স্পষ্ট প্রশ্ন ছিল। গণভোটে প্রায় ৬০ শতাংশ ভোটার অংশগ্রহণ করে প্রায় ৭০ শতাংশ সমর্থন (হ্যাঁ ভোট) দিয়েছেন, যা অতীতের তুলনায় অনেক বেশি গ্রহণযোগ্য। তাই জনগণ গণভোটের প্রস্তাব বোঝেনি- বিএনপি নেতাদের এমন দাবি ভিত্তিহীন। বৃহস্পতিবার (৯ এপ্রিল) ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) আয়োজিত সংস্কার আলাপে এসব কথা বলেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৪.২০২৬ রিহাব)

## ফাঁসির রায় শুনে `জয় বাংলা, স্লোগান, বললেন `এই রায় মানি না,

জুলাই অভ্যুত্থানে আবু সাঈদ হত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলায় রায় ঘোষণার পর কোর্ট থেকে বের হওয়ার সময় আসামি এএসআই আমির হোসেন বলেছেন, ”আমাকে যেভাবে নির্দেশ দেওয়া হয়েছে, আমি তাই করেছি। আর এখন কেন আমাকেই ফাঁসানো হয়েছে।„ তখন তিনিসহ প্রায় সবাই `জয় বাংলা, স্লোগান দেন। বৃহস্পতিবার (৯ এপ্রিল) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এই রায় ঘোষণা করেন। রায়ে এ মামলার মোট ৩০ আসামির মধ্যে দুইজনকে মৃত্যুদণ্ড, তিনজনের যাবজ্জীবন কারাদণ্ড এবং অন্যদের বিভিন্ন মেয়াদে সাজা দেওয়া হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৪.২০২৬ রিহাব)

## জামায়াত প্রার্থীকে বিপুল ভোটে হারিয়ে জয়ী বাদশা

বগুড়া-৬ (সদর) আসনের উপ-নির্বাচনে বড়ো ব্যবধানে জয় পেয়েছেন বিএনপি মনোনীত ধানের শীষ প্রতীকের প্রার্থী রেজাউল করিম বাদশা। তিনি তার নিকটতম প্রতিদ্বন্দ্বীর চেয়ে দ্বিগুণেরও বেশি ভোট পেয়ে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন। বৃহস্পতিবার (৯ এপ্রিল) রাতে জেলা রিটার্নিং কর্মকর্তার কার্যালয় থেকে প্রাপ্ত চূড়ান্ত ফলাফলে এ তথ্য জানা গেছে। ফলাফল অনুযায়ী, আসনের মোট ১৫১টি কেন্দ্রে রেজাউল করিম বাদশা পেয়েছেন ১ লাখ ৩৩ হাজার ৯৩১ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী জামায়াতে ইসলামী সমর্থিত প্রার্থী আবিদুর রহমান সোহেল (দাঁড়িপাল্লা প্রতীক) পেয়েছেন ৫৭ হাজার ১৫৯ ভোট। স্বতন্ত্র প্রার্থী আল আমিন তালুকদার (ফুলকপি প্রতীক) পেয়েছেন ৫২৬ ভোট।

জেলা নির্বাচন কমিশন সূত্র জানায়, উপ-নির্বাচনে ৪৩ শতাংশ ভোট পড়েছে। এর আগে, সকাল সাড়ে ৭টা থেকে বিকেল সাড়ে ৪টা পর্যন্ত বিরতিহীনভাবে ভোটগ্রহণ চলে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৪.২০২৬ রিহাব)

## দুই মাসে ব্যাংকের বাইরে নগদ বেড়েছে ১৩৬০০ কোটি টাকা

নির্বাচনের আগে দুই মাসে ব্যাংকের বাইরে নগদ টাকা বেড়েছে প্রায় ১৩ হাজার ৬০০ কোটি টাকা। ব্যাংক থেকে ব্যাপক টাকা উত্তোলনের এই প্রবণতা গত বছরের ডিসেম্বর ও চলতি বছরের জানুয়ারিতে দেখা গেছে। একইসঙ্গে জানুয়ারিতে কেন্দ্রীয় ব্যাংকের ছাপানো টাকা বা রিজার্ভ মানি কমেছে প্রায় ১৮ হাজার ৩৬৯ কোটি টাকা। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ তথ্য অনুযায়ী, গত বছরের নভেম্বরে মানুষের হাতে থাকা নগদ টাকার পরিমাণ ছিল ২ লাখ ৬৯ হাজার ১৮ কোটি টাকা। ডিসেম্বর শেষে তা বেড়ে দাঁড়ায় ২ লাখ ৭৫ হাজার ৩৪৩ কোটি টাকায়। অর্থাৎ এক মাসে বেড়েছে প্রায় ৬ হাজার ৩২৫ কোটি টাকা। এরপর চলতি বছরের জানুয়ারিতে এই অঙ্ক আরও বেড়ে দাঁড়ায় ২ লাখ ৮২ হাজার ৬২৬ কোটি টাকায়। অর্থাৎ ডিসেম্বরের তুলনায় এক মাসে বৃদ্ধি পায় প্রায় ৭ হাজার ২৮৩ কোটি টাকা। বাংলাদেশ ব্যাংকের হিসাবে, মানুষ ব্যাংক থেকে যে টাকা তুলে নিয়ে আর ব্যাংকে ফেরত দেয় না, সেটিই ব্যাংকের বাইরে থাকা নগদ টাকা হিসেবে ধরা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৪.২০২৬ রিহাব)

## শাহ আমানতে আরও ৬টি ফ্লাইট বাতিল

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতির প্রভাবে দুবাই, আবুধাবি, শারজাহ ও দোহার এয়ারফিল্ড বন্ধ থাকায় চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে দুইদিনে আরও ৬টি ফ্লাইট বাতিল করা হয়েছে। বৃহস্পতিবার (৯ এপ্রিল) রাত ৮টা ৫৪ মিনিটে চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষের জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ ইব্রাহীম খলিল বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন। বিমানবন্দর সূত্র জানায়, বাতিল হওয়া ফ্লাইটগুলোর মধ্যে রয়েছে- বিমান বাংলাদেশ এয়ারলাইনসের দোহা থেকে আগত একটি ফ্লাইট এবং মাস্কাটগামী একটি ফ্লাইট। এছাড়া এয়ার আরাবিয়ার শারজাহ থেকে আগত একটি ফ্লাইট ও একটি ডিপার্চার ফ্লাইট এবং সালাম এয়ারের মাস্কাট থেকে আগত একটি ফ্লাইট ও একটি ডিপার্চার ফ্লাইট বাতিল করা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৪.২০২৬ রিহাব)

## হজ ব্যবস্থাপনায় গাফিলতি সহজভাবে নেওয়া হবে না : ধর্মমন্ত্রী

হজ ব্যবস্থাপনার সঙ্গে সরকারের ভাবমূর্তির প্রশ্ন জড়িত উল্লেখ করে ধর্মমন্ত্রী কাজী শাহ মোফাজ্জল হোসাইন কায়কোবাদ বলেছেন, এ বিষয়ে কোনো ধরনের গাফিলতি সহজভাবে নেওয়া হবে না। হজের সার্বিক প্রস্তুতি বিষয়ে আন্তঃমন্ত্রণালয় সভায় মন্ত্রী এ কথা বলেন। বৃহস্পতিবার (৯ এপ্রিল) বিকেলে রাজধানীর আশকোনায় অবস্থিত হজক্যাম্পে এই সভার আয়োজন করা হয়। ধর্মমন্ত্রী বলেন, এ বছরের হজ বর্তমান দায়িত্বশীল সরকারের দায়িত্ব নেওয়ার পর প্রথম হজ। অতীতের যে-কোনো সময়ের চেয়ে এবার হজ ব্যবস্থাপনাকে আরও সুষ্ঠু ও সুন্দর করতে হবে। তিনি আরও বলেন, হজযাত্রীরা আল্লাহর মেহমান। তাদের নিজের পরিবারের সদস্যের মতো সেবা দিতে হবে। এবারের হজ ব্যবস্থাপনায় যে-সব দপ্তর ও সংস্থা ভালো সেবা দেবে, তাদের পুরস্কৃত করার ঘোষণাও দেন মন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৪.২০২৬ রিহাব)

## আপনারা ফ্যাসিবাদের নিন্দিত পথের দিকেই হাঁটছেন, সরকারকে গোলাম পরওয়ার

সরকারকে উদ্দেশ্য করে জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, সংখ্যাগরিষ্ঠতার দোহাই দিয়ে জনগণের বিপক্ষে অবস্থান নেবেন না। আপনারা সেই ফ্যাসিবাদের নিন্দিত পথের দিকেই হাঁটছেন, যে পথে তারা গিয়েছিল। আপনাদের যাত্রা দেখে মনে হয়, অপরিণামদর্শী পথে আপনারা রওয়ানা করেছেন। সময় থাকতে ফিরে আসুন। তিনি বলেন, এখনো পাঁচ বছরের এক-দেড় মাস পার হয়নি। জাতির মুখোমুখি হবেন না। জনআকাঙ্ক্ষার বিপরীতে চলে যাবেন না। তাহলে ইতিহাস থেকে শিক্ষা নিতে হবে। বৃহস্পতিবার (৯ এপ্রিল) বিকেলে রাজধানীর শাহবাগে ১১ দলের লিফলেট বিতরণ কর্মসূচির উদ্‌বোধনী অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৯.০৪.২০২৬ রিহাব)

# BBC

## LEBANON THOUGHT THERE WAS A CEASEFIRE - THEN ISRAEL UNLEASHED DEADLY BLITZ

The guns were supposed to have fallen silent. It was, after all, just hours after US President Donald Trump had announced that a two-week ceasefire had been agreed to halt the war in the Middle East. But just as the region was breathing a sigh of relief, Israeli jets conducted a 10-minute blitz across Lebanon - a massive aerial attack that killed at least 203 people and wounded more than 1,000 others, according to Lebanon's health ministry. Local and Western condemnation was swift and widespread, but no criticism came from the US against its ally in this war. Iran said this was "a grave violation" of the ceasefire deal and has asked

the US to halt the Israeli "aggression". Lebanese officials say more than 1,700 people have been killed since Israel launched its latest campaign in Lebanon last month. Israel has said its operations are aimed at weakening Hezbollah and achieving what it calls remaining military objectives. The war began with US and Israeli strikes on Iran on 28 February - prompting retaliation from Tehran against US allies in the Gulf, and from Iran's proxies - Hezbollah in Lebanon and the Houthis in Yemen - against Israel. In response, Israel began striking Hezbollah and even ordered its troops to occupy large parts of Lebanon.
(BBC Web page : 09.04.2026 Ali Ahmed)

**KEY INDIAN STATE POLLS BEGIN IN TEST FOR MODI'S PARTY**

Millions of Indians have begun voting in elections across two states and a federally-administered territory, in a set of contests seen as an early gauge of support for Prime Minister Narendra Modi. Polling is under way in Assam and Kerala states, and Puducherry. The electoral cycle will extend to West Bengal and Tamil Nadu later this month, with results from all five due on 4 May. For Modi's Bharatiya Janata Party (BJP), these elections are less about federal stability and more a test of its ability to make inroads in regions where it has historically struggled. For opposition parties, the polls are a test of whether they can unite against BJP dominance. According to India's Election Commission, the five regions have a combined 174 million voters - about 18% of the country's electorate. A total of 296 seats are at stake in Thursday's polls: 126 in Assam, 140 in Kerala and 30 in Puducherry. By 15:00 India time (09:30 GMT), Assam saw the highest voter turnout at 75.91%, according to data shared by the Election Commission of India. The turnout in Kerala was 62.71% and 72.40% in Puducherry.(BBC Web page : 09.04.2026 Ali Ahmed)

**HE'S AUSTRALIA'S MOST DECORATED SOLDIER. NOW HE'S AT THE CENTRE OF A HISTORIC WAR CRIMES CASE**

One of the most significant moments in Australian military history unfolded without fanfare on a tarmac at Sydney airport, when Ben Roberts-Smith was calmly escorted off a plane and into a waiting police car. The country's most-decorated living soldier and the most famous of his generation, Roberts-Smith was on Tuesday charged with five counts of the war crime of murder. It follows a high-profile civil defamation case, which three years ago found that the former Special Air Service (SAS) corporal and Victoria Cross recipient had unlawfully killed several unarmed Afghan detainees. Roberts-Smith, who left the Australian Defence Force (ADF) in 2013, denies all wrongdoing and says the allegations are "egregious" and driven by spiteful and jealous peers. His case – now set to be tested to a higher, criminal standard – has become the face of Australia's reckoning over the country's alleged conduct in Afghanistan, which has cast a pall over its much-mythologised military legacy.
(BBC Web page : 09.04.2026 Ali Ahmed)

**UK SAYS RUSSIA RAN SUBMARINE OPERATION OVER CABLES AND PIPELINES**

Three Russian submarines conducted a "covert" operation over cables and pipelines in waters north of the UK, Defence Secretary John Healey said. A British warship and aircraft were deployed to deter the "malign" activity by Moscow and there was "no evidence" of any damage to UK infrastructure in the Atlantic, he added. Addressing Russian President Vladimir Putin directly, Healey said: "We see you. We see your activity over our cables and our pipelines, and you should know that any attempt to damage them will not be tolerated and will have serious consequences." The UK is dependent on its undersea cables and pipelines for its data and energy. There are around 60 undersea cables which come ashore at several points along the UK coastline, particularly around East Anglia and South West England. More than 90% of the UK's day-to-day internet traffic travels via these undersea cables. Healey told a Downing Street press conference on Thursday that Russia had sent an Akula class submarine as a diversionary tactic while two of its GUGI spy submarines carried out the surveillance of these cables.(BBC Web page : 09.04.2026 Ali Ahmed)

**HAS US ACHIEVED ITS WAR OBJECTIVES IN IRAN?**

In the weeks since the US and Israel launched strikes on Iran, the battle for the narrative over the war's progress has been taking place at the heart of American military power. From week one, I've been inside the Pentagon press briefings given by US Defence Secretary Pete Hegseth, the former Army National Guard Major and Fox News pundit. From the first update to reporters, when he set out America's war aims, until the latest which followed the announcement of a two-week truce, the man running the world's most powerful military has

brought his TV-style, on-screen monologue to the Pentagon podium. The briefings have been chest-thumping affairs, revelling in portrayals of American military supremacy. Hegseth said on Wednesday the US had scored "a capital V military victory". At another briefing, he said the US had dealt "death and destruction from the sky all day long".
(BBC Web page : 09.04.2026 Ali Ahmed)

**ISRAELI STRIKES IN LEBANON 'GRAVE VIOLATION' OF CEASEFIRE, IRAN MINISTER TELLS BBC**

An Iranian minister has told the BBC that Israeli strikes in Lebanon on Wednesday constituted a "grave violation" of the US-Iran ceasefire agreement. Deputy Foreign Minister Saeed Khatibzadeh said Lebanon was covered by the two-week deal agreed on Tuesday - something the US and Israel dispute - and said the US must choose "between war and ceasefire". The Lebanese health ministry has said at least 203 people were killed on Wednesday in air strikes on what Israel called Hezbollah command centres and military sites. Pressed on whether Tehran would likewise ask Hezbollah to stop firing rockets towards Israel, Khatibzadeh claimed the Iranian-backed militant group had "abided" by the ceasefire. Hezbollah said on Thursday that it had fired at Israel overnight in response to what it called ceasefire violations.(BBC Web page : 09.04.2026 Ali Ahmed)

**SHIPS REMAIN CAUTIOUS APPROACHING STRAIT OF HORMUZ AMID FRAGILE CEASEFIRE**

The Strait of Hormuz has become a focal point of the US-Israel war with Iran after Tehran effectively choked off one of the world's most important shipping lanes. A two-week US-Iran ceasefire agreed on Tuesday included a condition that "safe passage" through the narrow waterway would be guaranteed. However, vessels in the area have received messages that they would be "targeted and destroyed" if they attempted to cross the strait without permission, and only a few ships have made the journey over the past two days. The disruption since the conflict began five weeks ago has sent shock waves across the global economy, destabilising energy prices and exposing just how reliant international supply chains are on the strait. As well as energy, the channel is also vital for transporting chemicals needed to process products like microchips, pharmaceuticals and fertiliser. Having risen dramatically during the conflict, the price of oil initially fell on news of the ceasefire. Shipping analysts have warned to expect only a trickle of crossings for now.
(BBC Web page : 09.04.2026 Ali Ahmed)

## :: THE END ::